দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ রবিবার ॥ ৩০ আগস্ট ২০২৬ ॥ ১৬ রবিঃ আউঃ ১৪৪৮ ॥ ১৬ ভাদ্র ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৮৬ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

কোন কোন আহলে-কিতাবের আকাঙ্ক্ষা, যাতে তোমাদের গোমরাহ করতে পারে, কিন্তু তারা নিজেদের ছাড়া অন্য কাউকেই গোমরাহ করে না। অথচ তারা বুঝতে পারে না।

সূরা আল ইমরান ৬৯

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
অ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত বন্ধন

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

শহীদদের আকাঙ্ক্ষা পূরণে সরকার অঙ্গীকারবদ্ধঃ প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, 'এ দেশের গণতান্ত্রিক আন্দোলনে শহীদ এবং ভুক্তভোগীদের প্রত্যাশা ও আকাঙ্ক্ষা ২ এর পাতায় দেখুন

সারা দেশে বিশেষ অভিযান চালানোর নির্দেশ স্বরাষ্ট্রমন্ত্রীর

কীর্তনখোলা ডেস্ক

সন্ত্রাস দমনে সারা দেশে বিশেষ অভিযান পরিচালনার নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। ২ এর পাতায় দেখুন

জুলাই স্মৃতি জাদুঘরে ইতিহাস বিকৃতির অভিযোগ ইসলামী আন্দোলনের

কীর্তনখোলা ডেস্ক

জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘরে আন্দোলনে ইসলামপন্থিদের ভূমিকা যথাযথভাবে তুলে ধরা হয়নি বলে অভিযোগ ২ এর পাতায় দেখুন

বিএনপিকে এখনই আ.লীগের সঙ্গে তুলনা করতে চাই নাঃ সারজিস

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলীয় মুখ্য সংগঠক সারজিস আলম বলেছেন, 'মাত্র ছয় মাস যেতে না যেতেই ২ এর পাতায় দেখুন

নেতার দখল থেকে উদ্ধার জমিতে খেলার মাঠ হবেঃ প্রশাসক শিরীন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরের ৪ নম্বর ওয়ার্ডের টিবি হাসপাতাল-সংলগ্ন বেদখল হয়ে যাওয়া ৬৯ শতাংশ সরকারি খাস জমিতে খেলার মাঠ করার ঘোষণা দিয়েছে সিটি করপোরেশন। গতকাল শনিবার দুপুরে ঘটনাস্থল ঘুরে করপোরেশনের প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন এ ঘোষণা দেন। এ সময় তাঁর সঙ্গে ছিলেন জেলা প্রশাসক মামুন খন্দকার ছিলেন। গত ১০ আগস্ট অবৈধ দখলমুক্ত করতে ওই স্থানে সাইনবোর্ড সাঁটিয়ে দেয় বিসিসি। ১১ আগস্ট সরকারের ২ সচিব, বিসিসি প্রশাসকসহ ১১ জনকে শোকজ করে বেলা। গতকাল শনিবার ভরাট করা সেই সম্পত্তি পরিদর্শন করেন প্রশাসক শিরীন। পরিদর্শনকালে এলাকার শিশু-কিশোরদের জন্য একটি উপযুক্ত বিনোদন ও খেলাধুলার পরিবেশ নিশ্চিত করতে ভূমির সার্বিক অবস্থা পর্যবেক্ষণ এবং সংশ্লিষ্টদের দিকনির্দেশনা দেন প্রশাসক। এ সময় শিশুরা প্রশাসকের কাছে ওই জমিতে উন্মুক্ত মাঠ করার দাবি জানায়। পরিদর্শনকালে বরিশাল জেলা প্রশাসক মামুন খন্দকার জানান, দখলদারদের মালিকানা বাতিলের জন্য আদালতে মামলা করেছেন। জনগণের উন্মুক্ত খেলার মাঠ তৈরিতে বিসিসিকে তিনি সহায়তা করবেন। বিসিসির প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন বলেন, আবাসন নির্মাণসহ বিভিন্ন ২ এর পাতায় দেখুন

পে স্কেল

মন্ত্রিসভায় কাল ফাইল উঠলে বৃহস্পতিবারই গেজেট!

কীর্তনখোলা ডেস্ক

সরকারি চাকরিজীবীদের নতুন জাতীয় বেতন কাঠামো বা পে স্কেল অনুমোদনের জন্য আগামী সোমবার মন্ত্রিসভা বৈঠকে উত্থাপন করা হতে পারে। ওই দিন অনুমোদন পেলে আগামী বৃহস্পতিবারের মধ্যেই তা প্রজ্ঞাপন আকারে জারি করা হবে বলে জানিয়েছে অর্থ মন্ত্রণালয়ের একটি সংশ্লিষ্ট সূত্র। অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট একজন কর্মকর্তা নাম না প্রকাশের শর্তে গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন। ওই কর্মকর্তা বলেন, 'নতুন বেতন কাঠামোর প্রজ্ঞাপন জারি হতে পারে আগামী সপ্তাহের মধ্যেই। ইতোমধ্যে সবকিছু চূড়ান্ত করা হয়েছে। আগামী সোমবার মন্ত্রিসভার বৈঠক হওয়ার কথা রয়েছে। নতুন বেতন কাঠামো এজেন্ডাভুক্ত করে অনুমোদনের জন্য উত্থাপনের প্রস্তুতি চলছে। ওই দিন অনুমোদন হলে বৃহস্পতিবারের মধ্যে প্রজ্ঞাপন জারি করা হবে।' যদিও মন্ত্রিসভায় অনুমোদনের জন্য চূড়ান্ত খসড়ায় বেতন-ভাতা বৃদ্ধির হার সম্পর্কে জানাতে রাজি হননি অর্থ বিভাগের কর্মকর্তারা। এর ৩ এর পাতায় দেখুন

ডেঙ্গুতে চলতি বছর ৯০ জনের মৃত্যু, আক্রান্ত হাজার ছুঁই ছুঁই

কীর্তনখোলা ডেস্ক

দেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে নতুন করে আরও দুইজনের মৃত্যু হয়েছে। নির্ধারিত এই সময়ের মধ্যে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৯৯৬ জন। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট ৯০ জনের মৃত্যু হলো। এর মধ্যে আগস্ট মাসে মারা গেছেন ৩৬ জন। এছাড়া জুলাইয়ে ৩৬ জন, জুনে ১৩ জন, মে মাসে একজন এবং জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুইজন করে ডেঙ্গু রোগীর মৃত্যু হয়েছে। শনিবার (২৯ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক নিয়মিত বুলেটিনে বিষয়টি নিশ্চিত করা হয়। বুলেটিনে জানানো হয়েছে,

শুক্রবার (২৮ আগস্ট) সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় দেশের বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত হয়ে ৯৯৪ জন ভর্তি হয়েছেন। এ নিয়ে চলতি বছর হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৩৩ হাজার ৫৮৬ জনে। গত ২৪ ঘণ্টায় হাসপাতাল থেকে সুস্থ হয়ে ছাড় পেয়েছেন ৯৭৫ জন। এ পর্যন্ত সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৩১ হাজার ৩৯৭ জন। উল্লেখ্য, শেষ ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি রোগী ভর্তি হয়েছেন ঢাকা বিভাগে, ৩৯১ জন। এ ছাড়া খুলনা বিভাগে ২৬৩ জন, বরিশালে ১৩৪, চট্টগ্রামে ১০৩, ময়মনসিংহে ৪৫ এবং রাজশাহীতে ৩৬ জন হাসপাতালে ভর্তি হয়েছেন।

লোডশেডিং কমান, না হলে মানুষের ক্ষোভ সীমা স্পর্শ করতে পারেঃ চরমোনাই পীর

কীর্তনখোলা ডেস্ক

ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির ও চরমোনাই পীর মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম বলেছেন, নির্বাচনের আগে বিএনপি নেতৃত্ব এক কোটি কর্মসংস্থান সৃষ্টি, জীবনযাত্রার মান উন্নয়ন এবং

নিরাপত্তা নিশ্চিত করাসহ নানা প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু সরকার গঠনের ছয় মাস পেরিয়ে গেলেও এসব প্রতিশ্রুতির বাস্তবায়নের ন্যূনতম লক্ষণও দেখা যাচ্ছে না। বরং অধিকাংশ ক্ষেত্রে পরিস্থিতি আরও নাজুক হয়েছে। তিনি বলেন, গত ছয় মাসে শুধু তৈরি পোশাক খাতেই প্রায় ২০ হাজার মানুষ বেকার হয়েছেন। প্রতিদিন গড়ে ১০ জন করে মানুষ খুন হচ্ছেন। একই সঙ্গে লোডশেডিং মাত্রা ছাড়িয়েছে এবং জ্বালানি সংকট দেশের স্থিতিশীলতাকে প্রশ্নের মুখে ফেলেছে। সার্বিকভাবে সরকারের প্রথম ছয় মাসই ২ এর পাতায় দেখুন

বরিশাল বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট মেম্বার হলেন তিন ববি শিক্ষক

ববি প্রতিনিধি

বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) নতুন সিন্ডিকেট মেম্বার মনোনীত হয়েছেন বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষক। প্রভাষক, সহকারী অধ্যাপক ও সহযোগী অধ্যাপক এই তিন ক্যাটাগরিতে নতুন তিন শিক্ষককে মনোনীত করা হয়েছে। এরমধ্যে প্রভাষক ক্যাটগরিতে ড. গাজী মো. সাখাওয়াত হোসেন, সহকারী অধ্যাপক ক্যাটগারিতে শাহাদাৎ হোসেন এবং সহযোগী অধ্যাপক ক্যাটাগরিতে ৩ এর পাতায় দেখুন

দলীয় অনুষ্ঠানের নামে চাঁদাবাজির বিরুদ্ধে গণপূর্ত প্রতিমন্ত্রীর বার্তা

পিরোজপুর প্রতিনিধি

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দলীয় অনুষ্ঠানের নামে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছ থেকে অনুদান, চাঁদা দাবি, চাঁদা আদায় কিংবা অর্থ সংগ্রহ সম্পূর্ণ নিষিদ্ধ বলে সুস্পষ্ট বার্তা দিয়েছেন পিরোজপুর-২ আসনের সংসদ সদস্য এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী আহম্মদ সোহেল মনজুর। তিনি তার ব্যক্তিগত ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে হুঁশিয়ারি দিয়ে বলেন, দলের নাম ও পরিচয় ব্যবহার করে কেউ চাঁদাবাজি, সুবিধাবাদী

কর্মকাণ্ড কিংবা ব্যক্তিস্বার্থ হাসিলের চেষ্টা করলে প্রমাণ সাপেক্ষে তার বিরুদ্ধে কঠোর সাংগঠনিক ব্যবস্থা নেওয়ার পাশাপাশি আইনের আওতায় আনা হবে। প্রতিমন্ত্রী ফেসবুক পোস্টে আরও বলেন, দলীয় পরিচয় ব্যবহার করে কেউ কোনো ২ এর পাতায় দেখুন

এমপি মাসুদের সংবর্ধনাঃ বিশ্বজয়ী হাফেজ নূর উদ্দিনকে ঘিরে বাউফলে উচ্ছ্বাস

বাউফল প্রতিনিধি

বিশ্বজয় করে প্রথমবারের মতো নিজ গ্রামের বাড়ি পটুয়াখালীর বাউফলে ফিরেছেন হাফেজ নূর উদ্দিন জাকারিয়া। বিশ্বমঞ্চে দেশের মুখ উজ্জ্বল করা এই কৃতী হাফেজকে বরণ করতে পথে পথে জড়ো হয়েছেন নানা শ্রেণি-পেশার মানুষ। তাকে একনজর দেখতে ও শুভেচ্ছা জানাতে সড়কের বিভিন্ন স্থানে ভিড় করেন স্থানীয়রা। শনিবার (২৯ আগস্ট) নিজ গ্রামের বাড়ি বাউফল উপজেলার ধুলিয়া ইউনিয়নের চাঁদকাঠীতে ফেরেন নূর উদ্দিন জাকারিয়া। তার আগমন ঘিরে এলাকায় উৎসবের আমেজ তৈরি হয়। পথে বিভিন্ন স্থানে স্থানীয়রা তাকে ফুলেল শুভেচ্ছা জানান। নূর উদ্দিন জাকারিয়ার অর্জনকে স্মরণীয় করে রাখতে উপজেলা প্রশাসন ও ইসলামী আন্দোলন বাংলাদেশ পৃথকভাবে সংবর্ধনার আয়োজন করে। এতে পটুয়াখালী-২ আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম ২ এর পাতায় দেখুন

১০ বছর আত্মগোপনে থেকেও শেষ রক্ষা হয়নি সাজাপ্রাপ্ত আসামির

কীর্তনখোলা রিপোর্ট

দীর্ঘ ১০ বছর আত্মগোপনে থেকেও শেষ রক্ষা হলো না বরিশালের মুলাদী থানার চাঞ্চল্যকর অস্ত্র মামলায় ৭ বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি মো. কামাল হোসেন ব্যাপারীর (৩৪)। অবশেষে র‍্যাব-৮ ও র‍্যাব-১০-এর যৌথ অভিযানে ঢাকার দক্ষিণ কেরানীগঞ্জ থেকে তাকে গ্রেফতার করা হয়েছে। শনিবার সকালে র‍্যাব-৮ এক প্রেস বিজ্ঞপ্তিতে জানায়, প্রতিষ্ঠালগ্ন থেকেই খুন, ধর্ষণ, ডাকাতিসহ বিভিন্ন গুরুতর অপরাধে সাজাপ্রাপ্ত ও পলাতক আসামিদের গ্রেপ্তারে অগ্রণী ভূমিকা পালন করে আসছে র‍্যাব। এরই ধারাবাহিকতায় গোয়েন্দা নজরদারি ও আভিযানিক কার্যক্রমের মাধ্যমে অপরাধ নিয়ন্ত্রণে বিশেষ সাফল্য অর্জন করছে সংস্থাটি। এরই অংশ হিসেবে র‍্যাব-৮, সদর কোম্পানি, বরিশাল এবং র‍্যাব-১০, সদর কোম্পানি, কেরানীগঞ্জের একটি যৌথ আভিযানিক দল গত ২৭ আগস্ট বিকেলে ঢাকা জেলার দক্ষিণ কেরানীগঞ্জ থানাধীন চড়াইল এলাকায় ২ এর পাতায় দেখুন

শিক্ষায় সর্বোচ্চ বরাদ্দ দিয়ে মানোন্নয়নে কাজ করছে সরকার
প্রতিমন্ত্রী নুর

পটুয়াখালী প্রতিনিধি

শিক্ষার প্রতিটি স্তরের মানোন্নয়নে সরকার সর্বোচ্চ বরাদ্দ দিয়ে কাজ করছে বলে মন্তব্য করেছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী এবং গণঅধিকার পরিষদের প্রতিষ্ঠাতা সভাপতি নুরুল হক নুর। শনিবার পটুয়াখালীর গলাচিপা উপজেলা অডিটোরিয়াম হলে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ২ এর পাতায় দেখুন

নেপাল-তিব্বতে প্রাণহানি বেড়ে ৬৮২, বাড়ছে নিখোঁজের সংখ্যাও

কীর্তনখোলা ডেস্ক

চীন-নেপাল সীমান্ত অঞ্চলে ঘটে যাওয়া বিধ্বংসী বন্যায় প্রাণহানির সংখ্যা বেড়েই চলেছে। শনিবার নেপালের জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জানিয়েছে, মৃতের সংখ্যা বেড়ে ৬৭৫ জনে পৌঁছেছে। অন্যদিকে চীনের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম তিব্বত অংশে ৭ জনের মৃত্যুর কথা নিশ্চিত করায় দুই দেশ মিলিয়ে মোট নিহতের সংখ্যা দাঁড়িয়েছে ৬৮২ জনে। গত বুধবার পাহাড়ি ঢল ও সুনামির মতো ধেয়ে আসা কাদা-পানির তোড়ে হিমালয় পাদদেশের কয়েকটি আস্ত গ্রাম তছনছ হয়ে যায়। ওই ঘটনার পর চতুর্থ দিনের মতো উদ্ধার অভিযান চালিয়ে যাচ্ছেন নেপাল ও চীনের উদ্ধারকর্মীরা। দুই দেশের হিসাব অনুযায়ী, এখনো প্রায় ২ এর পাতায় দেখুন

আবুপুর মৃধারহাট সেতুর নির্মাণকাজ পরিদর্শনে নৌ পরিবহন প্রতিমন্ত্রী রাজীব আহসান

হিজলা প্রতিনিধি

বরিশালের হিজলা উপজেলার আবুপুর মৃধারহাট সেতুর নির্মাণকাজ পরিদর্শন করেছেন নৌ পরিবহন প্রতিমন্ত্রী রাজীব আহসান। পরিদর্শনকালে তিনি সেতুর নির্মাণকাজের অগ্রগতি, কাজের মান ও সার্বিক পরিস্থিতি সম্পর্কে খোঁজখবর নেন। এ সময় তাঁর সঙ্গে ছিলেন হিজলা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সহ স্থানীয় প্রশাসনের কর্মকর্তা, আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য, জনপ্রতিনিধি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা। সেতুটির নির্মাণকাজ ২ এর পাতায় দেখুন

মুলাদীতে জমি দখল ও হত্যার হুমকির অভিযোগ জামায়াত নেতার বিরুদ্ধে

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের মুলাদী উপজেলার চরকালেখান ইউনিয়নের কায়েতমারা গ্রামে জমি দখল ও হত্যার হুমকির অভিযোগ উঠেছে জামায়াত নেতা হুমায়ুন কবির সরদার ও তার ভাইদের বিরুদ্ধে। এ ঘটনায় ভুক্তভোগী শাহাবুদ্দিন খান ও নজরুল ইসলাম খান ন্যায়বিচারের দাবি জানিয়েছেন। অভিযোগ সূত্রে জানা যায়, মুলাদী থানাধীন ২০ নম্বর মৌজার কায়েতমারা এলাকায় ৫৯ নম্বর খতিয়ানের ৩২ শতাংশ জমি ১৯৭৭ সালে গফুর সরদারের কাছ থেকে ক্রয় করেন আবুল হোসেন খানের ছেলে মোহাম্মদ শাহাবুদ্দিন খান ও মোহাম্মদ নজরুল ইসলাম খান। পরবর্তীতে ওই জমি তাদের নামে নামজারিও করা হয় বলে দাবি করেন ভুক্তভোগীরা। তাদের অভিযোগ, এর আগে ১৯৭০ সালে গফুর সরদার আজিজ সরদার গংদের নামে একটি হেবা দলিল করেছিলেন। তবে হেবা দলিলের শর্ত পূরণ না হওয়ায় সেটি বাতিল হয়ে যায়। এরপর থেকেই জমিটি নিয়ে বিরোধের ৩ এর পাতায় দেখুন

দেড় দশক পর ঘরের বাইরে এলেন আলোচিত সেই সালেহা

কলাপাড়া প্রতিনিধি

চারপাশে দুর্গন্ধযুক্ত নর্দমার পানি আর বিষধর সাপ ও পোকামাকড়ের আবাসস্থল ঘিরেই একটি জরাজীর্ণ কুটির। নেই সুপেয় পানির ব্যবস্থা কিংবা বিদ্যুৎ সংযোগ। অগোছালো আবর্জনাময়, দুর্গন্ধযুক্ত এই কুটিরে নেই মাথা তুলে দাঁড়ানোর জায়গাটুকুও। এমনই এক কুটিরেই দীর্ঘ ১৫ বছর ধরে ছিলেন সালেহা বেগম নামে এক নারী। অবশেষে দীর্ঘ ১৫ বছর ঘরবন্দি থাকা পটুয়াখালীর কলাপাড়ার সেই সালেহা বেগম জরাজীর্ণ কুটির থেকে বাইরে বের হয়েছেন। উপজেলা প্রশাসনের সহায়তায় তাকে চিকিৎসার ২ এর পাতায় দেখুন

জুলাই সনদ উপেক্ষা করে দলীয়করণ জনগণ মেনে নেবে নাঃ অ্যাড. হেলাল

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিভাগের ছয় জেলা ও বরিশাল মহানগরীর নেতৃবৃন্দকে নিয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামীর বরিশাল অঞ্চল বৈঠক অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৯ আগস্ট) সকালে নগরীর ব্রাউন কম্পাউন্ডস্থ অঞ্চল কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ ২ এর পাতায় দেখুন

মুন্নাকে কুপিয়ে হাত বিচ্ছিন্ন মামলার বাদীকে হুমকি

কীর্তনখোলা রিপোর্ট

নগরীর নবগ্রাম রোড নলিদাসের পোল এলাকায় প্রকাশ্যে কলেজছাত্র দ্বীন ইসলাম খান মুন্নাকে কুপিয়ে হাত বিচ্ছিন্ন করার ঘটনায় দায়ের করা মামলার বাদীর আত্মীয়দের বিরুদ্ধে একাধিক মিথ্যা মামলা দিয়েও খ্যান্ত হয়নি একই বাড়ির মিলন খান ও তার পরিবারের সদস্যরা। একের পর এক মিথ্যা মামলা দিয়ে ফাঁসাতে না পেরে এবার মামলার বাদীকে ভয়ভীতি ও প্রান নাশের ২ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলাঃ** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলাঃ** পটুয়াখালী, **ভোলা জেলাঃ** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলাঃ** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলাঃ** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

অ্যাপভিত্তিক ঋণে প্রতারণা

অত্যাধুনিক নানা প্রযুক্তির ব্যবহারের ফলে আমাদের চলাফেরা অনেক সহজ হয়েছে। অফিস-আদালতের কাজ থেকে শুরু করে দৈনন্দিন প্রতিটি কাজে লেগেছে প্রযুক্তির ছোঁয়া। এতে সময় যেমন বেঁচেছে, কাজেও এসেছে গতি। সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন অ্যাপ এখন অনেকের দীর্ঘ সময়ের সঙ্গী হয়ে দাঁড়িয়েছে। কিন্তু উদ্বেগের বিষয় হলো, এই প্রযুক্তিই এখন প্রতারকচক্রের কাছে মোক্ষম হাতিয়ার হয়ে উঠেছে। প্রকাশিত এক প্রতিবেদনে জানা গেছে, মোবাইলে অ্যাপভিত্তিক ঋণ নিয়ে বহু মানুষ প্রতারিত হচ্ছে। বেশ কিছু অ্যাপ পরিচালনার ক্ষেত্রে ধরাবাঁধা আইন মানছে না, এসবের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়াও বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। খবরে বলা হয়েছে, অ্যাপগুলো সাধারণত অল্প সময়ের মধ্যে ঋণ দেওয়ার প্রলোভন দিয়ে থাকে। সাধারণ লোকজনও সহজে ঋণ পাওয়ার আশায় এসব অ্যাপের দ্বারস্থ হয়। ঋণ গ্রহণের অংশ হিসেবে নানা তথ্য যুক্ত করতে হয়। এর পরই অ্যাপ কর্তৃপক্ষ আর কথামতো আচরণ করে না। নানা অজুহাতে অতিরিক্ত টাকা দাবি করে থাকে। আবার কেউ যদি সেই টাকা দিতে না চায়, তাহলে ব্যক্তিগত তথ্য ছড়িয়ে দেওয়ার হুমকি দেওয়াসহ নানাভাবে জিম্মি করা হয়। এমন এক ভুক্তভোগী রাজধানী মিরপুরের সাঈদ মিয়া। জরুরি প্রয়োজনে তিনি একটি অ্যাপ থেকে ২৪ হাজার টাকা ঋণ নেন। এক সপ্তাহ পরই অ্যাপে সুদসহ তাঁর বকেয়া দেখানো হয় ৮১ হাজার টাকা। এরপর তিনি ৫৪ হাজার টাকা পরিশোধ করেন। বাকি অর্থ দিতে অস্বীকৃতি জানালে ভয়ভীতি দেখানো হয়। শুধু সাঈদ মিয়া নন, এমন প্রতারণার শিকার বহু মানুষ। অ্যাপগুলো ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে নিজেদের প্রচার-প্রসার করে থাকে। আকর্ষণীয় বিজ্ঞাপন বানিয়ে মানুষের চোখের সামনে ঝুলিয়ে রাখা হয়। আর্থিক অনটনে থাকা মানুষ এসব ফাঁদে পা দেয়। খবরে একটি অ্যাপের কথা উল্লেখ করা হয়েছে, যেটির পরিচালনাকারীদের নির্দিষ্ট কার্যালয় বা স্থায়ী ঠিকানা পর্যন্ত নেই। অথচ গত বছরের সেপ্টেম্বরে প্লে স্টোরে আসা অ্যাপটি এখন পর্যন্ত পাঁচ লাখের বেশিবার ডাউনলোড করা হয়েছে। জানা গেছে, বাজারে অন্তত ৩০টি অ্যাপ রয়েছে, যারা ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করে থাকে। অথচ অনুমোদন ছাড়া ঋণ বিতরণ এবং নিবন্ধিত প্রতিষ্ঠান ছাড়া আর্থিক সেবার প্ল্যাটফর্ম পরিচালনা করা আইনসিদ্ধ নয়। বিশেষজ্ঞরা বলছেন, দেশে বৈধভাবে ঋণ দেওয়ার সুযোগ রয়েছে ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও অনুমোদিত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের। বাংলাদেশ ব্যাংকের তথ্য বলছে, গত জুন মাসে ব্যাংক ব্যবস্থায় বেসরকারি খাতে বিতরণ করা ঋণের পরিমাণ ছিল ১৮ লাখ ২৫ হাজার কোটি টাকা। আর মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির (এমআরএ) ২০২৪ সালের জুনের হিসাব অনুযায়ী, ক্ষুদ্রঋণের স্থিতি ছিল দুই লাখ ৬২ হাজার কোটি টাকা। তবে বৈধ ঋণসেবার বাইরে জরুরি প্রয়োজনে দ্রুত ও সহজে ঋণ পাওয়ার যে চাহিদা রয়েছে, সেটিকেই কাজে লাগাচ্ছে অননুমোদিত অ্যাপগুলো। বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান যথার্থই বলেছেন, 'অ্যাপভিত্তিক ঋণ প্রতারণা ক্যাশলেস বাংলাদেশ গড়ার পথে বড় প্রতিবন্ধকতা। এ ধরনের প্রতারণা থেকে বাঁচতে সবকিছুর আগে সচেতনতা নিশ্চিত করতে হবে।' আমরা মনে করি, এই যুগে প্রযুক্তির ব্যবহার আরো নিরাপদ ও গ্রাহকবান্ধব হিসেবে গড়ে তুলতে হবে। যেসব অ্যাপের বিরুদ্ধে প্রতারণার অভিযোগ রয়েছে, অভিযোগগুলো অবশ্যই খতিয়ে দেখা দরকার, অপরাধ প্রমাণিত হলে সেগুলোর কার্যক্রম বন্ধ করাই যুক্তিযুক্ত। একই সঙ্গে অননুমোদিত অ্যাপগুলোর বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।

বিএনপিকে এখনই আ.লীগের

মানুষ বিএনপিকে নিয়ে অন্যভাবে চিন্তা করতে শুরু করেছে। তবে আমরা এখনই বিএনপির সঙ্গে আওয়ামী লীগের তুলনা করতে চাই না। আগামীতেও চাই না।' শনিবার দুপুরে কুমিল্লা নগরীর একটি পার্টি সেন্টারে এনসিপির কুমিল্লা উত্তর ও দক্ষিণ জেলা এবং মহানগর শাখার সাংগঠনিক সমন্বয় সভা ও রাজনৈতিক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে সারজিস এসব কথা বলেন। আওয়ামী লীগের সমালোচনা করে সারজিস আলম বলেন, 'আওয়ামী লীগ বিভিন্ন সময়ে হত্যাকাণ্ড ও গণহত্যার সঙ্গে জড়িত ছিল। ২০২৪ সালের গণ-অভ্যুত্থানে দলটির বিরুদ্ধে গুরুতর অভিযোগ রয়েছে।' সারজিস আলম বলেন, 'আওয়ামী লীগ ২০০৯ সালে পিলখানা হত্যাকাণ্ড ঘটিয়েছে। ২০১৩ সালে শাপলা চত্বরে হত্যাকাণ্ড ঘটিয়েছে। আর ২০২৪ সালের গণ-অভ্যুত্থানে ১ হাজার ৪০০ এরও বেশি মানুষের জীবন কেড়ে নিয়ে আরেকটি গণহত্যা ঘটিয়েছে।' এনসিপির এই নেতা আরও বলেন, 'আওয়ামী লীগ গণহত্যাকারী, আওয়ামী লীগ খুনি। আওয়ামী লীগ হচ্ছে দেশ ছেড়ে পালিয়ে যাওয়া একটা নরপিচাশ। তাই আমরা বিএনপিকে এখনই আওয়ামী লীগের সঙ্গে তুলনা করতে চাই না, আগামীতেও করতে চাই না।' বিএনপিকে ঘিরে জনগণের মধ্যে নানা ধরনের আলোচনা তৈরি হয়েছে উল্লেখ করে এনসিপির এই নেতা বলেন, কোনো রাজনৈতিক দলকে মূল্যায়নের ক্ষেত্রে জনগণের প্রত্যাশা এবং দলটির কর্মকাণ্ডই সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। সভায় এনসিপির নেতা সরোয়ার তুষারসহ কুমিল্লা উত্তর ও দক্ষিণ জেলা এবং মহানগর শাখার বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

জুলাই স্মৃতি জাদুঘরে ইতিহাস

করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের সহকারী মহাসচিব ও ঢাকা মহানগর দক্ষিণের সভাপতি শেখ ফজলুল করীম মারুফ। তিনি বলেন, 'জুলাই অভ্যুত্থান হয়েছিল পুরোনো বন্দোবস্ত ছুড়ে ফেলে দেশ উপযোগী নতুন বন্দোবস্তের মাধ্যমে দেশ পরিচালিত হওয়ার স্বপ্ন নিয়ে। কিন্তু জুলাইয়ের সামনের সারির কতিপয় নেতা পুরোনো সিস্টেমকে নতুন সিস্টেম হিসেবে চালিয়ে দিয়েছেন। যার প্রভাব জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘরেও পড়েছে।' শনিবার (২৯ আগস্ট) ইসলামী আন্দোলন বাংলাদেশ ঢাকা মহানগর দক্ষিণের নেতাদের নিয়ে জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর পরিদর্শন শেষে তিনি এসব কথা বলেন। শেখ ফজলুল করীম মারুফ বলেন, 'জুলাই থেকে ইসলামপন্থিদের মুছে দিতে সর্বোচ্চ চেষ্টা চালানো হয়েছে। ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম (পীর সাহেব চরমোনাই)-এর বক্তব্যের মাধ্যমে থেমে যাওয়া আন্দোলনে নতুন ফুয়েল পেয়েছিল ছাত্রসমাজ।' তিনি আরও বলেন, 'আবু সাঈদ শহীদ হওয়ার পর ১৯ জুলাই ফ্যাসিবাদী শাসনব্যবস্থার সর্বোচ্চ প্রতিবাদ জানিয়ে পীর সাহেব চরমোনাই বলেছিলেন, 'হে নরপিশাচ! তুই আমার সন্তানের বুকে কেন গুলি করলি?' আন্দোলনের শুরু থেকে বিশেষ করে ৩, ৪ ও ৫ আগস্ট ১৪৪ ধারা ভঙ্গ করে রাজপথের উত্তপ্ত স্লোগান 'দফা এক, দাবি এক শেখ হাসিনার পদত্যাগ' এর গুরুত্বপূর্ণ সময়গুলোও জাদুঘরে স্থান দেওয়া হয়নি।' তিনি মূলত জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘরের আংশিক প্রদর্শনীকে পূর্ণাঙ্গ হিসেবে চালিয়ে দেওয়ার চেষ্টা ইতিহাস বিকৃতির নামান্তর দাবি করে বিকৃত উপস্থাপনাকে ধিক্কার জানান। এ সময় ইসলামী আন্দোলন বাংলাদেশ ঢাকা মহানগর দক্ষিণের সেক্রেটারি কেএম শরীয়াতুল্লাহ বলেন, 'জুলাইকে বাঁচিয়ে রাখতে এত বড় একটি প্রজেক্ট করা হয়েছে। অথচ মনে হয় দেখার মতো কেউ নেই। জঘন্য টিকিটিং সিস্টেম, চেকিং সিস্টেমের জিরো লেভেল এবং ইতিহাসের কাটিং উপস্থাপন এ দেশের জনগণের মনে আঘাত দিয়েছে।' তিনি বলেন, 'এত বড় একটি প্রজেক্ট এভাবে চলতে থাকলে ভবিষ্যতে জুলাই গণঅভ্যুত্থান মানুষের কাছে হাসির খোরাক জোগাতে পারে। সরকারের প্রতি আহ্বান, আপনারা ইতিহাসকে বিকৃতির হাত থেকে বাঁচান। বস্তুনিষ্ঠ একটি ইতিহাসকে চোখের সামনে শেষ করে দেবেন না। দ্রুত কার্যকর পদক্ষেপ নিন।'

সারা দেশে বিশেষ অভিযান

তিনি বলেন, সারা দেশে অবৈধ ও লুণ্ঠিত হওয়া অস্ত্র উদ্ধারে অভিযান চলছে। পাশাপাশি মাদক চোরাচালান, সন্ত্রাসী ও চাঁদাবাজি ধরার জন্যও বিশেষ অভিযান পরিচালনা করা হবে। শনিবার (২৯ আগস্ট) রাজারবাগ পুলিশ অডিটোরিয়ামে 'ত্রৈমাসিক অপরাধ পর্যালোচনা সভা' শেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। সালাহউদ্দিন আহমদ বলেছেন, 'গোয়েন্দা সংস্থাগুলোর ইন্টেলিজেন্স সাপোর্ট নিয়ে আমরা সেই কার্যক্রম পরিচালনা করব। এটা চালু আছে। এগুলো জোরদার করার জন্য আমরা আজকে আরও পরামর্শ দিয়েছি। কিছু কৌশল প্রণয়ন করেছি। যেটা এখানে আমার বলা ঠিক হবে না।' অপরাধ দমনে পুলিশের দায়বদ্ধতার কথা স্মরণ করিয়ে দিয়ে মন্ত্রী জানান, সন্ত্রাসী, চাঁদাবাজ ও মাদক কারবারিদের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ নিতে একটি নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। তিনি বলেন, কোনো কর্মকর্তা এই নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যাশিত অগ্রগতি দেখাতে ব্যর্থ হলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, সারা দেশে অবৈধ অস্ত্র, মাদক, চোরাচালান ও চাঁদাবাজি রোধে গোয়েন্দা সংস্থাগুলোর সহায়তায় বিশেষ কৌশলগত অভিযান পরিচালনা করা হচ্ছে। আইজিপি মো. আলী হোসেন ফকিরের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী। স্বাগত বক্তব্য দেন পুলিশের অতিরিক্ত আইজিপি (ক্রাইম অ্যান্ড অপারেশনস) খন্দকার রফিকুল ইসলাম। এ সময় পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত আইজিপি (প্রশাসন) একেএম আওলাদ হোসেনসহ বিভিন্ন রেঞ্জের ডিআইজি, বিভিন্ন মেট্রোপলিটন এলাকার পুলিশ কমিশনার, অতিরিক্ত পুলিশ কমিশনার এবং জেলার পুলিশ সুপাররা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মন্ত্রী বিভিন্ন রেঞ্জের ডিআইজি, বিভিন্ন মেট্রোপলিটন এলাকার পুলিশ কমিশনার, অতিরিক্ত পুলিশ কমিশনার ও জেলার পুলিশ সুপারদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন এবং তাদের সঙ্গে মতবিনিময় করেন।

শহীদদের আকাঙ্ক্ষা পূরণে

পূরণে বর্তমান সরকার সম্পূর্ণ অঙ্গীকারবদ্ধ।' সরকারের পক্ষ থেকে গুম-খুনের শিকার এবং জুলাই গণঅভ্যুত্থানে ক্ষতিগ্রস্ত ও শহীদ পরিবারগুলোর পাশে থাকার দৃঢ় আশ্বাস দিয়ে প্রধানমন্ত্রী বলেন, 'সীমিত সম্পদের মধ্যেও আমাদের সর্বোচ্চ চেষ্টা থাকবে আপনাদের পাশে থাকার। যে অপূরণীয় ক্ষতি আপনাদের হয়েছে, তা কোনোভাবেই পূরণ করা সম্ভব নয়। তবুও আমরা আপনাদের সাথে ছিলাম, আছি এবং ভবিষ্যতেও থাকব।' শনিবার (২৯ আগস্ট) দুপুরে তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের করবী হলে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ কথা বলেন। গুম-খুনের শিকার পরিবার এবং জুলাই গণঅভ্যুত্থানে ক্ষতিগ্রস্ত ও শহীদ পরিবারের ৭৪ জন সদস্যের হাতে আনুষ্ঠানিকভাবে চাকরির নিয়োগপত্র প্রদান উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। আবেগময় কণ্ঠে প্রধানমন্ত্রী বলেন, 'আজকের এই অনুষ্ঠানটি আমাদের জন্য অত্যন্ত বেদনাদায়ক। আমরা এমন কিছু মানুষকে স্মরণ করছি, যাদের আজ আমাদের মাঝে থাকার কথা ছিল। কিন্তু দুঃখজনকভাবে তারা নেই। তাদের এই মহান ত্যাগের বিনিময়েই আজ দেশের ২০ কোটি মানুষ ফ্যাসিস্ট শাসনব্যবস্থা থেকে মুক্তি পেয়েছে।' তিনি বলেন, 'আজ যারা আমাদের মধ্যে অনুপস্থিত তারা কোথায় কী অবস্থায় আছে একমাত্র আল্লাহ রাব্বুল আল আমিন জানেন। আমাদের উচিত হবে দু'হাত তুলে আল্লাহর দরবারে তাদের জন্যে দোয়া করা যাতে আল্লাহ সে মানুষগুলোকে সর্বোচ্চ ভালো অবস্থায় রাখেন।' ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ থেকে শুরু করে স্বাধীনতাত্তোর বিভিন্ন সময়ের গণতান্ত্রিক সংগ্রাম এবং সর্বশেষ জুলাই গণঅভ্যুত্থানে আত্মদানকারীদের কথা উল্লেখ করে সরকার প্রধান বলেন, '১৯৭১ সালের বীর মুক্তিযোদ্ধা, দেশের গণতন্ত্র পুনরুদ্ধারে বিভিন্ন সময়ে গুম-খুন ও নির্যাতনের শিকার হওয়া ব্যক্তিবর্গ এবং জুলাই আন্দোলনের শহীদ ও ক্ষতিগ্রস্তদের যে লক্ষ্য ও আকাঙ্ক্ষা ছিল-এই সরকার তা বাস্তবায়নে বদ্ধপরিকর। হয়তো বিভিন্ন বাস্তবতার কারণে অনেক সময় দ্রুত সবকিছু সম্ভব হয় না, কিন্তু আমরা আমাদের সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাব।' প্রধানমন্ত্রী বলেন, 'স্বাভাবিকভাবে বড় কিছু অর্জন করতে গিয়ে যারা বড় ত্যাগ স্বীকার করেছেন, তারা অনেকেই আজ আমাদের মাঝে নেই। যারা আছে তাদের বলবো, আপনারা এ দেশের মানুষের জন্য সর্বোচ্চ ত্যাগ স্বীকার করেছেন। বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন। বর্তমান সরকার সর্বোচ্চ দিয়ে চেষ্টা করবে, আপনারা যে লক্ষ্য ও উদ্দেশ্যে নিজেদের জীবন বাজি রেখেছেন, সেই লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন করতে।' সংগ্রামীদের আত্মত্যাগকে সরকারের কাজের মূল প্রেরণা উল্লেখ করে তিনি বলেন, 'অনেকে বলতে পারেন সরকার এই পরিবারগুলোর পাশে দাঁড়িয়েছে। কিন্তু আমি বলব- আপনাদের এই ত্যাগ, সমর্থন ও সহযোগিতার কারণেই সরকার পূর্ণ উদ্যমে কাজ করার সাহস পাচ্ছে। আপনারাই আমাদের শক্তি ও উদ্দীপনার মূল উৎস।' শহীদ পরিবারের উদ্দেশে প্রধানমন্ত্রী বলেন, 'আমরাও চাই আপনারাও আমাদের সহযোগিতা করবেন। আমাদের উৎসাহ দেবেন। যাতে আমরা শহীদসহ সকল আত্মত্যাগী গণতান্ত্রিক যোদ্ধা যারা আছেন তাদের যে প্রত্যাশা দেশ ও জাতিকে নিয়ে সে প্রত্যাশা পূরণে কাজ করতে পারি। আপনার সর্বাত্মক সমর্থন যেনো আমরা পাই।' অনুষ্ঠানে গুম-খুনের শিকার এবং জুলাই গণঅভ্যুত্থানে শহীদ ও আহত পরিবারের সদস্যরা বক্তব্য রাখেন। এ সময় তারা প্রধানমন্ত্রী তারেক রহমানের কাছে নিজেদের অনুভূতি প্রকাশ করেন।

এমপি মাসুদের সংবর্ধনা: বিশ্বজয়ী হাফেজ

মাসুদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও), সহকারী কমিশনার (ভূমি), থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ রাজনৈতিক ও পেশাজীবী নেতারা উপস্থিত ছিলেন। বিকেলে নিজ গ্রাম চাঁদকাঠীর বাসিন্দাদের পক্ষ থেকেও তাকে সংবর্ধনা দেওয়ার আয়োজন করা হয়। হাফেজ জাকারিয়াকে সংবর্ধনা দিয়েছেন পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ও জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নেতা ড. শফিকুল ইসলাম মাসুদ। অনুষ্ঠানে এই কৃতী হাফেজকে ফুলেল শুভেচ্ছা ও সম্মাননা স্মারক (ক্রেস্ট) প্রদানের পাশাপাশি তার হাতে নগদ ৫০ হাজার টাকার উপহার তুলে দেন তিনি। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ বলেন, 'হাফেজ জাকারিয়া আন্তর্জাতিক অঙ্গনে হিফজুল কোরআন প্রতিযোগিতায় অসাধারণ সাফল্য অর্জন করে শুধু তার পরিবার বা বাউফল নয়, পুরো বাংলাদেশের মুখ বিশ্বমঞ্চে উজ্জ্বল করেছেন। বিশ্বের ১৩৩টি দেশের প্রতিযোগীদের পেছনে ফেলে তার এই মেধা ও জয় বাউফলের মানুষের জন্য অত্যন্ত গর্ব ও আনন্দের'। তিনি আরও বলেন, 'সঠিক দিকনির্দেশনা ও উপযুক্ত সুযোগ পেলে আমাদের গ্রাম-বাংলার সন্তানরাও যে বিশ্বমঞ্চ জয় করতে পারে, হাফেজ জাকারিয়া তা প্রমাণ করেছেন। তার এই অসাধারণ অর্জন আগামী প্রজন্মের শিক্ষার্থী ও হাফেজদের জন্য অনুপ্রেরণার বাতিঘর হয়ে থাকবে। কোরআনের আলো ও নৈতিকতার সুশিক্ষায় আলোকিত সমাজ গঠনে পরিবার, সমাজ ও রাষ্ট্রকে সম্মিলিতভাবে ভূমিকা রাখতে হবে'। এর আগে, সৌদি আরবের মক্কায় অনুষ্ঠিত ৪৬তম কিং আবদুল আজিজ আন্তর্জাতিক কোরআন প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করে বিশ্বজুড়ে আলোচনায় আসেন বাউফলের এই হাফেজ। তার এ সাফল্যে আনন্দিত এলাকাবাসী। স্থানীয়দের মতে, নূর উদ্দিনের অর্জন শুধু বাউফলের নয়, পুরো দেশের জন্য গর্বের। বিশ্বজয়ী হাফেজ নূর উদ্দিন জাকারিয়া বলেন, ছোটবেলায় বাবা-মায়ের আগ্রহে তিনি হেফজ শুরু করেন। তখন বাবাকে পড়ে শোনাতেন। পরে বাবা তাকে ওস্তাদ আব্দুল কাইয়ুম মোল্লার মাদ্রাসায় ভর্তি করান। তিনি বলেন, ওস্তাদের প্রচেষ্টা ও শ্রম আমাকে সফল করেছে। মহান আল্লাহ আমাকে হাফেজ হিসেবে কবুল করেছেন। পরে ইসলামিক ফাউন্ডেশনের বাছাইপর্বে কৃতকার্য হয়ে আমি বিশ্বমঞ্চে অংশগ্রহণের সুযোগ পাই। দেশবাসীর দোয়ায় আমি বিজয়ী হতে পেরেছি। আগামীতেও ইসলামের পথে থেকে কাজ করতে সবার কাছে দোয়া চেয়ে নূর উদ্দিন বলেন, 'আগামীতেও যেন আমি ইসলামের পথে থাকতে পারি, সেজন্য সকলের কাছে দোয়ার দরখাস্ত করি।' এদিকে নূর উদ্দিনের বিশ্বজয়কে ঘিরে বাউফলের সর্বস্তরের মানুষের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা দিয়েছে। স্থানীয়রা আশা করছেন, ভবিষ্যতেও তার মেধা ও যোগ্যতার মাধ্যমে তিনি আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের সুনাম আরও বাড়াবেন।

আবুপুর মৃধারহাট সেতুর নির্মাণকাজ পরিদর্শনে

দ্রুত ও মানসম্মতভাবে সম্পন্ন হলে হিজলা উপজেলার মানুষের যোগাযোগব্যবস্থা আরও সহজ হবে এবং স্থানীয় অর্থনীতি ও ব্যবসা-বাণিজ্যে ইতিবাচক প্রভাব পড়বে বলে আশা করছেন স্থানীয়রা।

নেপাল-তিব্বতে প্রাণহানি

৩,০০০ মানুষ নিখোঁজ রয়েছেন। এ ছাড়া দুই দেশ মিলিয়ে ৬৮২টির বেশি মরদেহ ইতিমধ্যে উদ্ধার করা হয়েছে। ধারণা করা হচ্ছে, বেশ কিছু মরদেহ তিব্বত ও নেপাল থেকে নদীতে ভেসে সীমান্ত পেরিয়ে পার্শ্ববর্তী ভারতে গিয়ে পৌঁছেছে। তাই মৃতের সংখ্যা আরও বাড়তে পারে। উদ্ধার কাজে নিয়োজিত নেপাল স্কাউট ডিজাস্টার রেসপন্স টিমের কর্মী কাওয়ান কৈরালা জানান, হাঁটু সমান ভারী ও ঘন কাদার কারণে উদ্ধারকাজ ব্যাহত হচ্ছে। টানা ১৮ ঘণ্টা কাজের পর ক্লান্ত কৈরালা বলেন, 'মানুষ স্বজনদের মরদেহ হলেও ফেরত চায়, কিন্তু কাদার কারণে আমরা খুঁজে পাচ্ছি না। আমি আগে নেপালে বন্যা দেখেছি, কিন্তু এমন বীভৎস পরিস্থিতি কখনো দেখিনি।' মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা (ইউএসজিএস) জানিয়েছে, গত বুধবার নেপাল-তিব্বত সীমান্তে হিমবাহ ধসের কারণে পর্বতের নিচের দিকে প্রবল গতিতে বরফ, পাথর ও কাদার স্রোত নেমে আসে, যা এই বিপর্যয়ের প্রধান কারণ। জলবায়ু পরিবর্তনের কারণে বিশ্বজুড়ে বরফ গলে এ ধরনের বিপর্যয় বাড়ছে বলে মনে করছেন বিজ্ঞানীরা।

দেড় দশক পর ঘরের

জন্য কলাপাড়া হাসপাতালে ভর্তি করা হয়েছে। শনিবার (২৯ আগস্ট) দুপুর সাড়ে ১২টায় পটুয়াখালীর কলাপাড়া পৌর শহরের নাচনাপাড়া এলাকার ঝুঁকিপূর্ণ ওই ঘর থেকে তাকে বের করে আনেন তারই ছেলে জিয়াউর রহমান। এসময় কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা আরিফুজ্জামান ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা জহিরুল ইসলাম উপস্থিত ছিলেন। জানা গেছে, স্বামী আবুল কালামের মৃত্যুর পর গত দেড় দশক জরাজীর্ণ ওই ঘরে জীবন কাটিয়েছেন তিনি। দীর্ঘ এ সময়ে একবারের জন্যও ঘরের বাইরে বের হননি, কারও সঙ্গে বলেননি কথাও। তবে তার মেয়ে লাকী বেগম তাকে মাঝেমধ্যে খাবার দিতেন। আর তার ছেলে মরণব্যাধি রোগে আক্রান্ত হওয়ায় তিনি তার দেখাশোনা করতে পারেননি। তবে এই নারীকে ঘরের বাইরে বের করায় উচ্ছ্বসিত এলাকাবাসী। কিন্তু সালেহার চিকিৎসা এবং নতুন ঘর নির্মাণের দাবি জানিয়েছেন স্থানীয়রা। এদিকে এ নারীকে চিকিৎসা সহায়তা এবং নতুন ঘর তুলে দেওয়ার আশ্বাস দিয়েছে উপজেলা প্রশাসন। কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আরিফুজ্জামান বলেন, বিভিন্ন সংবাদ মাধ্যমে সংবাদ প্রকাশের মাধ্যমে আমি অবহিত হলে তাকে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সহায়তা দেওয়া হয়েছে। আজ তিনি ঘরের বাইরে এসেছেন। তাকে প্রাথমিক চিকিৎসাসেবা দিতে হাসপাতালে পাঠানো হয়েছে। উপজেলা প্রশাসন সালেহা বেগমের পাশে থাকবে বলে আশ্বাস দেন তিনি।

১০ বছর আত্মগোপনে থেকেও শেষ

অভিযান পরিচালনা করে। এ সময় বরিশাল জেলার মুলাদী থানার অস্ত্র মামলায় ৭ বছরের সাজাপ্রাপ্ত ওয়ারেন্টভুক্ত পলাতক আসামি মো. কামাল হোসেন ব্যাপারীকে গ্রেফতার করা হয়। গ্রেফতার কামাল হোসেন ব্যাপারী বরিশাল জেলার মুলাদী থানার চর বাটামারা এলাকার মৃত আব্দুল ওয়াহেদ ব্যাপারীর ছেলে। তার মায়ের নাম মোসা. মাজেদা বেগম। র‍্যাবের তথ্যমতে, কামাল হোসেন ব্যাপারীর বিরুদ্ধে বরিশালের মুলাদী থানায় দায়ের হওয়া একটি অস্ত্র মামলা পরবর্তীতে ঢাকা মহানগরীর হাজারীবাগ থানায় মামলা হিসেবে নথিভুক্ত হয়। মামলার নম্বর ১৮(০৯)১৬। পরবর্তীতে মামলাটি মেট্রো বিশেষ ট্রাইব্যুনাল মামলা নং-৭৪/১৭ হিসেবে বিচারাধীন ছিল। মামলায় The Arms Act, ১৮৭৮-এর ১৯(চ) ধারায় তার বিরুদ্ধে অভিযোগ আনা হয়। মামলাটি আদালতে সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বিজ্ঞ আদালত তাকে দোষী সাব্যস্ত করে ৭ বছরের কারাদণ্ড দেন। রায় ঘোষণার পর থেকে তিনি দীর্ঘদিন পলাতক ছিলেন। পরে তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়। র‍্যাব জানায়, গ্রেপ্তারি পরোয়ানা তামিলের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা র‍্যাব-৮-এর অধিনায়কের কাছে অভিযুক্তকে গ্রেপ্তারের জন্য অধিযাচনপত্র পাঠান। এর পরিপ্রেক্ষিতে র‍্যাব-৮, বরিশাল গোয়েন্দা তথ্যের ভিত্তিতে এবং তথ্যপ্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার করে তার অবস্থান শনাক্ত করে। অভিযান শেষে গ্রেফতার মো. কামাল হোসেন ব্যাপারীকে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য ঢাকা দক্ষিণ কেরানীগঞ্জ থানায় হস্তান্তর করা হয়েছে বলে জানিয়েছে র‍্যাব।

মুন্নাকে কুপিয়ে হাত বিচ্ছিন্ন

হুমকি দিচ্ছে। আসামীরা গত ২৬ আগস্ট রাত সাড়ে ১০ টার দিকে বাদীর বাড়ির সামনে এসে বাদী পক্ষকে উদ্দেশ্য করে বিভিন্ন ধরনের ভয়ভীতি ও হত্যার হুমকি প্রদান করে। এ ঘটনায় মুন্নার মা কুলসুম আক্তার বাদী হয়ে বরিশাল কোতয়ালী মডেল থানায় একটি সাধারন ডায়েরী করেছেন। এতে বিবাদী করা হয়েছে মিলন খান,জামাল খান, রানা ও সুমি নামের ৪ জনকে। থানা পুলিশ বিষয়টি তদন্ত করছে। তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে গত ৩১ মে সকালে পূর্বপরিকল্পিতভাবে মুন্নার উপর হামলা চালায় প্রতিপক্ষরা। তারা হত্যার উদ্দেশ্যে এলোপাথাড়ি কুপিয়ে রাস্তায় ফেলে রাখে। এই ঘটনায় আদালতে মামলা চলমান রয়েছে। এর আগে এই মামলাবাজ কালামের স্ত্রী ও রানার মা বৃদ্ধ নারী শ্লীলতাহানীর অভিযোগ এনে বাদীর আত্মীয়-স্বজনদের নামে আদালতে মিথ্যা মামলা দায়ের করে। ওই মামলায় বাদীপক্ষের সকল আসামীকে আদালত জামিন প্রদান করলে বিবাদীপক্ষ পুনরায় লুটপাটের অভিযোগ এনে আরো একটি মিথ্যা মামলা দায়ের করে। যে মামলায় আদালত পিবিআইকে তদন্ত করে প্রতিবেদন দাখিলের নির্দেশ দিয়েছে। উল্লেখ দ্বীন ইসলাম খান মুন্নাকে (২১) কুপিয়ে হত্যাচেষ্টা ও হাত-পা বিচ্ছিন্ন করার ঘটনায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলা মিলন খান, রানা খান, হিমেল, কালাম ও নার্গিসের নামে মামলা দায়ের করা হয়েছে।

জুলাই সনদ উপেক্ষা করে দলীয়করণ

সদস্য, সহকারী সেক্রেটারি জেনারেল ও বরিশাল অঞ্চল পরিচালক অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলালের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে বরিশাল বিভাগের সাংগঠনিক কার্যক্রম, দাওয়াতি তৎপরতা, জনসম্পৃক্ততা বৃদ্ধি এবং সাংগঠনিক কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতির বক্তব্যে অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল বলেন, জুলাইয়ের গণআন্দোলনের মধ্য দিয়ে দেশের মানুষ পরিবর্তনের যে আকাঙ্ক্ষা ব্যক্ত করেছে, তা বাস্তবায়নে রাজনৈতিক দলগুলোর দায়িত্বশীল ভূমিকা পালন করা প্রয়োজন। জনগণের প্রত্যাশাকে উপেক্ষা করে কোনো দলীয় স্বার্থ প্রতিষ্ঠার চেষ্টা করলে তা দেশের জন্য কল্যাণকর হবে না। রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে দলীয় প্রভাবমুক্ত রেখে যোগ্যতা, সততা ও ন্যায়নীতির ভিত্তিতে পরিচালনা করতে হবে। কিন্তু দুঃখজনকভাবে বিএনপি জুলাই সনদ মানছে না এবং রাষ্ট্রের বিভিন্ন পর্যায়ে দলীয়করণের প্রবণতা দেখা যাচ্ছে। একটি গণতান্ত্রিক ও বৈষম্যহীন রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য এ ধরনের প্রবণতা থেকে বেরিয়ে আসতে হবে। তিনি বলেন, সংগঠনের দায়িত্বশীলদেরকে নিজেদের দায়িত্ব যথাযথভাবে পালনের পাশাপাশি সাধারণ মানুষের কাছে ইসলামের সুমহান আদর্শ ও কল্যাণের বার্তা পৌঁছে দিতে হবে। মানুষের সুখ-দুঃখ ও সমস্যা-সম্ভাবনার সঙ্গে সম্পৃক্ত হয়ে জনকল্যাণমূলক কার্যক্রম আরও জোরদার করতে হবে। সংগঠনের প্রতিটি পর্যায়ে শৃঙ্খলা, পারস্পরিক সহযোগিতা, দায়িত্বশীলতা ও নিয়মতান্ত্রিক কার্যক্রম নিশ্চিত করার মাধ্যমে সাংগঠনিক ভিত্তি আরও শক্তিশালী করতে হবে। তিনি আরও বলেন, তৃণমূল পর্যায়ে সংগঠনের কার্যক্রমকে গতিশীল করতে জেলা, উপজেলা, থানা ও ইউনিট পর্যায়ের দায়িত্বশীলদের নিয়মিত যোগাযোগ ও কার্যকর সমন্বয় গড়ে তুলতে হবে। একই সঙ্গে সমাজের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে সুসম্পর্ক স্থাপন করে ন্যায়, ইনসাফ, মানবিক মূল্যবোধ ও ইসলামী আদর্শভিত্তিক সমাজ বিনির্মাণের লক্ষ্যে কাজ করতে হবে। বৈঠকে নেতৃবৃন্দ বরিশাল বিভাগের বিভিন্ন জেলা ও মহানগরীর সাংগঠনিক কার্যক্রমের অগ্রগতি, ভবিষ্যৎ কর্মপরিকল্পনা এবং মাঠপর্যায়ের বিভিন্ন বিষয় তুলে ধরেন। এ সময় সংগঠনের কার্যক্রমকে আরও গতিশীল ও সুসংগঠিত করার বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়। কেন্দ্রীয় মজলিসে শুরা ও অঞ্চল টিম সদস্য মাওলানা ফখরুদ্দিন খান রাজীর সঞ্চালনায় বৈঠকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগরী আমীর মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবর, বরিশাল জেলা আমীর অধ্যাপক মাওলানা আবদুল জব্বার, অঞ্চল টিম সদস্য অধ্যাপক শাহ আলম, ঝালকাঠি জেলা আমীর অ্যাডভোকেট হাফিজুর রহমান, ভোলা জেলা আমীর মাস্টার জাকির হোসেন, বরগুনা জেলা আমীর মাওলানা মুহিব্বুল্লাহ হারুন, পটুয়াখালী জেলা আমীর অ্যাডভোকেট নাজমুল আহসান। এছাড়াও বরিশাল বিভাগের বিভিন্ন জেলা ও মহানগর জামায়াতের নায়েবে আমীর, সেক্রেটারি এবং সংশ্লিষ্ট দায়িত্বশীল নেতৃবৃন্দ বৈঠকে উপস্থিত ছিলেন। বৈঠকের মাধ্যমে বরিশাল বিভাগের সাংগঠনিক কার্যক্রমকে আরও সুসংগঠিত, গতিশীল ও জনসম্পৃক্ত করার ওপর গুরুত্বারোপ করা হয়। নেতৃবৃন্দ ঐক্যবদ্ধভাবে দায়িত্ব পালনের মাধ্যমে সংগঠনের দাওয়াতি, সাংগঠনিক ও জনকল্যাণমূলক কার্যক্রমকে আরও বিস্তৃত করার প্রত্যয় ব্যক্ত করেন।

শিক্ষায় সর্বোচ্চ বরাদ্দ দিয়ে

তিনি এসব কথা বলেন। ২০২৬ শিক্ষাবর্ষে এসএসসি, দাখিল ও সমমানের পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া ৮৪ জন কৃতী শিক্ষার্থীকে সম্মাননা স্মারক ও আর্থিক সহায়তা প্রদান এবং বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী ও শিক্ষার উপকরণ বিতরণ উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। নুরুল হক নুর বলেন, 'আগামী পৃথিবী হবে কঠিন ও প্রতিযোগিতামূলক। তাই শিক্ষার্থীদের এখন থেকেই কঠোর পরিশ্রম, অধ্যবসায় ও মেধার বিকাশে মনোযোগী হতে হবে।' তিনি বলেন, ভবিষ্যতের প্রতিযোগিতামূলক বিশ্বের জন্য শিক্ষার্থীদের নিজেদের যোগ্য করে তুলতে হবে। এজন্য পড়াশোনার পাশাপাশি মেধা ও দক্ষতা বিকাশে গুরুত্ব দেওয়ার আহ্বান জানান তিনি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গলাচিপা উপজেলা নির্বাহী কর্মকর্তা আবুজর মো. ইজাজুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য মো. আ. লতিফ মাসুম, সরকারি কমিশনার ভূমি মোহাম্মদ সাইফুল ইসলাম, গলাচিপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইমতিয়াজ আহমেদ, বিএনপির আহ্বায়ক হাজী মো. গোলাম মোস্তফা এবং গলাচিপা ডিগ্রি কলেজের অধ্যক্ষ মো. ফোরকান কবির।

লোডশেডিং কমান, না হলে মানুষের ক্ষোভ

তাদের ব্যর্থতার সাক্ষ্য দিচ্ছে। শনিবার (২৯ আগস্ট) রাজধানীর বিএমএ মিলনায়তনে ইসলামী আন্দোলন বাংলাদেশের জেলা প্রতিনিধি সম্মেলনে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। চরমোনাই পীর বলেন, মানুষ হত্যার ঘটনায় পুলিশ আসামিদের গ্রেফতার করলেও অনেক ক্ষেত্রে বিচার হয় না। নিম্ন আদালতে রায় ঘোষণা হলেও তা কার্যকর হয় না। আদালতের অন্দরেই বিচার যেন পথ হারায়। অথচ জনগণের প্রত্যাশা ছিল, অপরাধ সংঘটিত হওয়ার আগেই পুলিশ সক্রিয় হবে এবং অপরাধীদের নিষ্ক্রিয় করবে। কিন্তু সরকার আইনশৃঙ্খলা বাহিনীকে কাঙ্ক্ষিত মাত্রায় কার্যকর করতে চূড়ান্তভাবে ব্যর্থ হয়েছে। তিনি বলেন, সরকারকে বলবো, মানুষের নিরাপত্তা নিশ্চিত করুন, লোডশেডিং কমান, জ্বালানি সংকটের সমাধান করুন এবং দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে আনুন। অন্যথায় মানুষের ক্ষোভ সীমা স্পর্শ করতে পারে। সংস্কার প্রসঙ্গে ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির বলেন, রাষ্ট্র সংস্কারের বিষয়ে তারা বারবার কথা বলে আসছে। কিন্তু এ বিষয়ে সরকারের ভূমিকা হতাশাজনক। জুলাই সনদে রাষ্ট্রপতি নির্বাচনসংক্রান্ত বিষয়ে জাতীয় ঐকমত্য তৈরি হয়েছিল। কিন্তু সর্বশেষ রাষ্ট্রপতি নির্বাচনে সেই সর্বসম্মত বিষয়টিও অনুসরণ করা হয়নি। তিনি আরও বলেন, সংস্কারের অন্যান্য বিষয়েও সরকার রীতিমতো বিরুদ্ধ অবস্থান নিয়েছে। সাংবিধানিক সুযোগ এবং সাংবিধানিক প্রতিষ্ঠানগুলোর দুর্বলতার সুযোগ নিয়েই দেশে স্বৈরতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছিল। তাই জুলাই সনদের আলোকে প্রয়োজনীয় সংস্কার করে স্বৈরতন্ত্রের চিরস্থায়ী বিলোপ নিশ্চিত করার দাবি জানিয়েছে ইসলামী আন্দোলন বাংলাদেশ। সরকারকে সতর্ক করে চরমোনাই পীর বলেন, সরকার যদি সংস্কার না করে, তাহলে যে ভয়াবহ পরিণতির আশঙ্কা তৈরি হবে, তার দায় এই সরকারকেই নিতে হবে।

দলীয় অনুষ্ঠানের নামে চাঁদাবাজির

প্রকার চাঁদাবাজি, সুবিধাবাদী কর্মকাণ্ড, ব্যক্তিস্বার্থ হাসিল কিংবা দলের ভাবমূর্তি ক্ষুন্ন করার অপচেষ্টা কোনোভাবেই বরদাস্ত করা হবে না। এসময় তিনি দলের শৃঙ্খলা, নীতি ও ভাবমূর্তি রক্ষায় সংশ্লিষ্ট সবাইকে দায়িত্বশীল ও সচেতন থাকার আহ্বান জানান তিনি।

নেতার দখল থেকে উদ্ধার জমিতে

কারণে নগরীতে খেলার মাঠ ক্রমে কমে আসছে। নগরের ৪ নম্বর ওয়ার্ডের এ সরকারি জমি ষড়যন্ত্র করে ব্যক্তিমালিকানায় নেয় একটি চক্র। ২ মাস আগে এই এলাকায় একটি খেলার মাঠ করার জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রস্তাবনা পাঠিয়েছি। আমরা যখন জানলাম রাতের অন্ধকারে সরকারি জমি দখল হয়ে যাচ্ছে, তখন এখানে একটি সাইনবোর্ড সাঁটিয়ে দিই। এখানে খেলার মাঠ হবে। ডিসি প্রশাসনও সাইনবোর্ড দিয়েছে। আমরা এখানে এসে এলাকাবাসী ও শিশুদের দাবির পরিপ্রেক্ষিতে এ জমিতে খেলার মাঠ করার সিদ্ধান্ত নিয়েছি। অফিসিয়ালি এ নিয়ে কাজ চলছে। স্থান পরিদর্শনকালে আরও উপস্থিত ছিলেন বরিশাল সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) আজহারুল ইসলাম, বরিশাল সিটি করপোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. আবুল বাশার এবং নির্বাহী প্রকৌশলী মো. মকসুমুল হাকিম রেজা প্রমুখ।

নারীর সঙ্গে বিএনপি নেতার

গেছে। কাঁঠালিয়া উপজেলার ৫ নম্বর শৌলজালিয়া ইউনিয়নের সোনার বাংলা এলাকার ব্যবসায়ী শহিদুল ইসলামের বিরুদ্ধে একই এলাকার এক নারীর সঙ্গে পরকীয়ার অভিযোগ ওঠায় এলাকায় আলোচনা-সমালোচনা চলছে। স্থানীয় কয়েকজনের সঙ্গে কথা বলে জানা গেছে, এর আগেও তার বিরুদ্ধে একাধিক নারীর সঙ্গে সম্পর্কের অভিযোগ উঠেছিল। তবে এসব অভিযোগের স্বাধীনভাবে সত্যতা যাচাই করা সম্ভব হয়নি। স্থানীয় সূত্র ও ওই নারীর স্বজনদের সঙ্গে কথা বলে জানা যায়, গত সোমবার (২৪ আগস্ট) দুই নারীকে সঙ্গে নিয়ে পিরোজপুরের রয়েল আবাসিক হোটেলে শহিদুল ইসলাম উঠেছিলেন বলে অভিযোগ ওঠে। এদিকে ওই দুই নারীকে খুঁজে না পেয়ে তাদের পরিবারের সদস্যরা কাঁঠালিয়া থানায় ও বরিশাল কোতোয়ালি থানায় নিখোঁজের সাধারণ ডায়েরি (জিডি) করেন। পরে বরিশাল কোতোয়ালি থানা-পুলিশ ওই দুই নারীর মুঠোফোন নম্বরের অবস্থান শনাক্ত করে পিরোজপুরের রয়েল আবাসিক হোটেলে যায়। তবে পুলিশ সেখানে পৌঁছানোর আগেই তারা হোটেল থেকে বেরিয়ে যান বলে জানা গেছে। পরে পুলিশ ও পরিবারের সদস্যরা মুঠোফোনে যোগাযোগ করে তাদের অবস্থান শনাক্ত করেন। ওই নারীর পরিবারের স্বজনদের দাবি, শহিদুল ইসলামের সঙ্গে বাড়ি থেকে বের হয়ে পিরোজপুরের একটি আবাসিক হোটেলে রাত কাটিয়েছিলেন ওই নারী। তাকে খুঁজে না পেয়ে পরিবারের পক্ষ থেকে থানায় নিখোঁজের জিডি করা হয়েছিল। স্বজনদের আরও দাবি, পুলিশকে সঙ্গে নিয়ে পিরোজপুরের ওই আবাসিক হোটেলে গেলে তারা বিষয়টি বুঝতে পেরে সেখান থেকে চলে যান। পরে মুঠোফোনের মাধ্যমে তাদের অবস্থান শনাক্ত করে ঢাকায় গিয়ে তাদের পাওয়া যায়। তবে নারীর সঙ্গে পরকীয়ার অভিযোগ অস্বীকার করেছেন শহিদুল ইসলাম ওরফে ভাটা শহীদ। তিনি বলেন, পিরোজপুরে তাদের সঙ্গে আমার দেখা হয়েছিল। রাতে তারা কোথায় থাকবেন, এ কারণে একটি আবাসিক হোটেলে তাদের থাকার জন্য রুম ঠিক করে দিয়েছিলাম। রাতে তাদের জন্য কিছু খাবারও কিনে দিয়েছি। তবে আমি তাদের সঙ্গে রাতে ছিলাম না। আমার বিরুদ্ধে পরকীয়ার অভিযোগ মিথ্যা। এ বিষয়ে কাঁঠালিয়া থানার ওসি মো. নাছের রায়হান বলেন, নিখোঁজের ঘটনায় পরিবারের লোকজন থানায় একটি অভিযোগ দিয়েছিল। পরে তাদের পাওয়া গেছে।

হত্যা মামলার প্রধান আসামি

বড়ইয়া ইউনিয়নের আদাখোলা এলাকার মো. মকিম হোসেনের ছেলে। পুলিশ ও মামলার এজাহার সূত্রে জানা যায়, গত ৪ এপ্রিল দুপুরে বড়ইয়া ইউনিয়নের আদাখোলা এলাকায় মিলন হাওলাদার নামে এক যুবককে কুপিয়ে হত্যা করা হয়। এ ঘটনায় নিহতের বড় ভাই মো. নাসির হাওলাদার বাদী হয়ে ৫ এপ্রিল রাজাপুর থানায় হত্যা মামলা করেন। মামলায় ১২ জনের নাম উল্লেখ করা হয় এবং অজ্ঞাতনামা আরও ৭-৮ জনকে আসামি করা হয়। মামলায় জামাল হোসেনকে দুই নম্বর আসামি করা হলেও পুলিশের দাবি, তিনি হত্যাকাণ্ডের প্রধান আসামি। ঘটনার পর থেকেই তিনি পলাতক ছিলেন। শুক্রবার বিদেশ যাওয়ার উদ্দেশ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে গেলে ইমিগ্রেশন পুলিশ তাকে আটক করে। পরে বিষয়টি রাজাপুর থানা পুলিশকে জানানো হলে তাকে হেফাজতে নেওয়া হয়। রাজাপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) সুজন বিশ্বাস জানান, হত্যা মামলার আসামি জামাল হোসেনকে বিমানবন্দরের ইমিগ্রেশন থেকে গ্রেফতার করা হয়েছে। পরে তাকে রাজাপুর থানায় আনা হয়। শনিবার দুপুরে তাকে ঝালকাঠি আদালতে পাঠানো হয়েছে।

ভিমরুলের কামড়ে গাছ থেকে

ভিমরুলের আক্রমণ থেকে বাঁচতে গাছ থেকে দ্রুত নামার চেষ্টা করেন দবির। একপর্যায়ে তিনি গাছ থেকে সজোরে মাটিতে পড়ে যান। এতে কোমর ও হাতে গুরুতর আঘাত পান। আহত হয়ে গাছের নিচে পড়ে থাকায় নিজে আর উঠে দাঁড়াতে পারেননি তিনি। পরে সকালে বাড়ির লোকজনকে ডাকাডাকি করে তাকে উদ্ধার করতে আকুতি জানান। তার ডাক শুনে বাড়ির মালিক বেলাল ঘটনাস্থলে গিয়ে গাছের নিচে পড়ে থাকা দবিরকে দেখতে পেয়ে পুলিশে খবর দেন। পরে পুলিশ গিয়ে তাকে উদ্ধার করে বরগুনা সদর হাসপাতালে ভর্তি করে। এ বিষয়ে বাড়ির মালিক বেলাল বলেন, এলাকার সব গাছের ডাব ও সুপারি আমার। সকালে ঘুম থেকে উঠে চোরের ডাক শুনে বাইরে আসি। সে আমাকে বলে, ভাই আমাকে উদ্ধার করেন, আমি গাছের নিচে পড়ে আছি। পরে গিয়ে দেখি, ডাবসহ একজন লোক গাছের নিচে পড়ে আছে। এরপর পুলিশকে খবর দিই। এ বিষয়ে ঘটনাস্থল থেকে চোর উদ্ধার করতে যাওয়া বরগুনা সদর থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) শামীম বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে গাছের নিচে পড়ে থাকা অবস্থায় দবির নামে একজনকে উদ্ধার করেছি। গুরুতর আহত থাকায় তাকে চিকিৎসার জন্য বরগুনা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জলাবদ্ধতা থেকে রক্ষা পাবে গৌরনদী

সাজ্জাদ হান্নান, পৌরসভার নির্বাহী কর্মকর্তা হারুন-অর রশিদ সহ বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা, বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মী এবং সামাজিক সংগঠনের কর্মীরা অংশগ্রহন করেন। সকাল থেকে শুরু হয়ে পুরো খাল পরিস্কার না হওয়া পর্যন্ত বিরতীহিনভাবে চলে এ কর্মসূচী। উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক মো. ইব্রাহীম জানিয়েছেন, প্রধানমন্ত্রী পরিস্কার-পরিচ্ছন্ন একটি বাংলাদেশের স্বপ্ন দেখেন। সেই স্বপ্ন বাস্তবায়নের লক্ষে প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা (মন্ত্রী পদমর্যাদা) ও বরিশাল-১ আসনের সংসদ সদস্য এম জহির উদ্দিন স্বপনের দিক-নির্দেশনায় মাঠ পর্যায়ে আমরা কাজ চালিয়ে যাচ্ছি। সেই কার্যক্রমের অংশ হিসেবে পরিস্কার-পরিচ্ছন্নতা কর্মসূচীতে আমরা নেমেছি। আজকে যে খালটি পরিস্কার করা হচ্ছে। এই খালের মধ্যে অবৈধ বাঁধ, প্লাষ্টিকের বর্জ্য ও ময়লা-আবর্জনা ফেলে খালটি ভরাট করে রেখেছিলো স্থানীয়রা। যে কারনে বৃষ্টির পানি নামতে না পেরে জলাবদ্ধতার সৃষ্টি হয়ে জনদূর্ভোগ নেমে এসেছিলো ওয়ার্ডবাসীর মধ্যে। তাই জনগুরুত্বপূর্ণ বিবেচনায় খালের বাঁধ অপসারণ ও খালটি পরিস্কার করা হয়েছে। এতে প্রায় আড়াই হাজার পরিবার জলাবদ্ধতা থেকে রক্ষা পাবে । তিনি আরও জানিয়েছেন, গৌরনদী উপজেলাকে ক্লীন এন্ড গ্রীণ হিসেবে গড়ে তোলার লক্ষে আমরা ইতোমধ্যে কর্মসূচী গ্রহন করেছি। আমাদের কর্মসূচী সফল করতে রাজনৈতিক দলের নেতাকর্মী ও সামাজিক সংগঠনের কর্মীরা প্রশাসনের সঙ্গে একাত্মতা প্রকাশ করেছেন। কর্মসূচী সফল হলে গৌরনদী একটি পরিস্কার-পরিচ্ছন্ন উপজেলা হবে বলেও তিনি উল্লেখ করেন।

নাজিরপুরে ডাকাতির প্রস্তুতির

ও একটি রামদা উদ্ধার করা হয়। পরে স্থানীয় লোকজন তাদের আটক করে পুলিশে খবর দেন। পুলিশ ঘটনাস্থলে গিয়ে দুইজনকে ধারালো অস্ত্রসহ হেফাজতে নেয়। এ সময় তাদের কাছ থেকে দুটি বোরখা, একটি টি-শার্ট ও একটি লুঙ্গিও উদ্ধার করা হয় বলে পুলিশ জানিয়েছে। নাজিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. তরিকুল ইসলাম বলেন, ডাকাতির প্রস্তুতির সময় দুইজনকে গ্রেফতার করা হয়েছে। তাদের বিরুদ্ধে মামলা দায়েরের প্রক্রিয়া চলছে। তাদের সঙ্গে আরও সদস্য ছিল কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। অন্যদের গ্রেফতারে অভিযান চলছে।

বৃদ্ধাকে ফ্যামিলি কার্ডসহ নানা

এলাকার একটি বাড়ীতে গিয়ে তিনি এক বৃদ্ধা নারী ও তার নাতনিকে দেখতে পায়। পরে তিনি বাঁশ কাটতে একটি দা প্রয়োজন বলে বৃদ্ধাকে জানান। কিন্তু ওই ঘরে দা না থাকায় নাতনিকে অন্য বাড়ীতে দা আনতে পাঠায় বশির। এ সুযোগে বশির ওই মহিলাকে ফ্যামিলি কার্ডসহ বিভিন্ন সরকারী সুবিধা দেয়ার প্রলোভন দেয় কিন্তু বৃদ্ধা তাতে রাজি হয়নি। পরে বৃদ্ধাকে জোরপুর্বক ধর্ষণ করে এমন অভিযোগ ওই নারীর। ওই নারীর ডাক চিৎকালে এলাকার লোকজন ছুটে আসলে বশির পালিয়ে যাওয়ার চেষ্টা করে। পরে স্থানীয় জনতা তাকে ধরে সুপারী গাছের সাথে বেঁধে রাখে। খবর পেয়ে তালতলী থানা পুলিশ ঘটনাস্থলে এসে তাকে আটক করেছে। এ ঘটনায় থানায় মামলার প্রস্তুতি চলছে। বশির তালতলী উপজেলার নিশানবাড়িয়া ইউনিয়নের যুবদলের সাধারণ সম্পাদক পদ প্রার্থী। স্থানীয় কয়েকজন বলেন, বৃদ্ধা নারীর ডাক চিৎকার শুনে এসে দেখি বশির দৌড়ে পালাচ্ছে। তখন আমরা তাকে ধাওয়া করে আটক করেছি। ওই নারী কান্নাজনিত কণ্ঠে বলেন, মোর মান ইজ্জতের কিছুই রইলো না। ফ্যামিলি কার্ডসহ বিভিন্ন সরকারী ভাতা দেওয়ার কতা কইয়্যা মোর সর্বনাশ হরছে। মুই এইয়্যার বিচার চাই। বশির অভিযোগ অস্বীকার করে বলেন, ফ্যামেলি কার্ড দেয়ার কথা বলেছি কিন্তু তার সাথে খারাপ কাজ করেনি। আমার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ আনা হয়েছে। তালতলী থানার ওসি মোঃ সাইদুল ইসলাম বলেন, বাঁশ ক্রয়ের কথা বলে এক বৃদ্ধা নারীর সঙ্গে অনৈতিক ঘটনায় বশির নামের একজনকে গ্রেফতার করা হয়েছে। এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে।

বাকেরগঞ্জ পবিত্র ঈদে

ও বাংলাদেশ জমিয়াতে হিজবুল্লার বাকেরগঞ্জ উপজেলার সভাপতি হযরত মাওলানা মির্জা নুর রহমান বেগ সাহেব। অনুষ্ঠান পরিচালনা করেন বাংলাদের জমিয়াতে হিজবুল্লাহ উপজেলা শাখার সাধারণ সম্পাদক মাওলানা মাহবুবুর রহমান। অনুষ্ঠানে বিভিন্ন ইউনিয়ন থেকে আগত জমিয়াতে হিজবুল্লাহ নেতৃবৃন্দ যুব হেজবুল্লাহ নেতৃবৃন্দ ছাত্র হিজবুল্লাহ নেতৃবৃন্দ সহ ধনপ্রাণ মুসলমানগন। প্রধান অতিথির বক্তব্যে মহানবী সাল্লাল্লাহু আলাই সালাম এর জীবনের আদর্শ মানবজাতির জন্য কল্যাণকর এবং তার আদর্শ বাস্তবায়ন আমল করাই আমাদের এক মাত্রই লক্ষ্য আল্লাহতালা তাকে রহমাতুল্লাহ আলামিন হিসেবে আমাদের মাঝে পাঠিয়েছেন। সর্বশেষ দোয়া মোনাজাতের মাধ্যমে বিশ্ব মুসলমানদের শান্তি কামনায় দোয়া করা হয়।

ভাণ্ডারিয়ায় সড়ক দুর্ঘটনায়

শনিবার তিনি স্ত্রীর বি.এড ক্লাস করার জন্য পিরোজপুর যাওয়ার সময় সকাল পৌঁণে নয়টার দিকে কাউখালী-পিরোজপুর আঞ্চলিক মহাসড়রেক বেকুটিয়া সেতুর পূর্ব প্রান্তে একটি কুকুর সামনে থেকে দৌর দেয়ার সময় মোটির সাইকেলটি ব্রেক করলে পিছন থেকে স্ত্রী সড়কে পড়ে দুর্ঘটনার শিকার হয়। এসময় বাইজিদ এবং মোটর সাইকেল কোন ক্ষতি হয়নি। আহত স্ত্রীকে দ্রুত পিরোজপুর সদর হাসপাতালে ভর্তি করা হলে কর্তব্যরত চিকিৎস তাকে মৃত ঘোষণা করেন। তাদের ঘরে মোহাম্মদ নামের ৪বছরের একটি পুত্র সন্তান রয়েছে। এদিকে শিক্ষিকার মৃত্যুতে বিহারী লাল মিত্র পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক,শিক্ষর্থী এবং স্বজনদের মাঝে নেমে এসেছে শোকের ছায়া। বাদ এশা মৃতের শশুর বাড়ি ভাণ্ডারিয়া পৌরসভার ২নম্বর ওয়ার্ডের লক্ষীপুরা গ্রামের খান বাড়িতে জানাজা নামাজ শেষে পারিবারিক কবরস্থানে মৃতের মরদেহ দাফন করা হয় বলেও জানান স্বামী মো. বাইজিদ খাঁন।

মায়ের সাথে অভিমান করে

সেতু তার বড় বোনের বাড়িতে বেড়াতে যেতে চেয়েছিল। তবে তার মা তাকে সেখানে যেতে নিষেধ করেন। এ নিয়ে মায়ের সঙ্গে অভিমান করে বিকেল আনুমানিক ৪টার দিকে সে আত্মহত্যা করে বলে প্রাথমিকভাবে জানা গেছে। ঘটনার খবর ছড়িয়ে পড়লে এলাকায় শোকের ছায়া নেমে আসে। মাত্র ১১ বছর বয়সী একটি শিশুর এমন মৃত্যুর ঘটনায় স্থানীয়দের মধ্যে নানা প্রশ্ন দেখা দিয়েছে। এটি আত্মহত্যা, নাকি মৃত্যুর পেছনে অন্য কোনো কারণ রয়েছে তা নিয়েও সন্দেহ ও রহস্যের সৃষ্টি হয়েছে। খবর পেয়ে বানারীপাড়া থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে যায়। পরে ময়নাতদন্তের জন্য মরদেহ পাঠানো হবে বলে পুলিশ জানিয়েছে। বানারীপাড়া থানার অফিসার ইনচার্জ (ওসি) মজিবুর রহমান জানান, ঘটনার প্রকৃত কারণ উদঘাটনে পুলিশ তদন্ত করছে। ময়নাতদন্তের প্রতিবেদন ও তদন্তের পরই মৃত্যুর সঠিক কারণ সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে। তদন্তের ফল ও ময়নাতদন্তের প্রতিবেদনের ওপরই এখন নির্ভর করছে শিশুটির মৃত্যুর প্রকৃত কারণ।

বিলম্বে হলেও মেঘনায় ধরা পড়ছে

বেপারি বলেন, গত কয়েকদিন ধরে জেলেদের জালে ধরা পড়ছে ইলিশ। এতে আড়তে কেনাবেচা বেড়েছে। আগে পুরো আড়তে বিক্রি হত পাঁচ লাখ টাকা এখন তা বেড়ে বিক্রি হচ্ছে আট থেকে ১০ লাখ টাকা। জেলে মফিজ ও বশির বলেন, ভরা মৌসুমে মাছ না পাওয়ায় আমরা হতাশার মধ্যে ছিলাম এখন জাল বেয়ে নদীতে মাছ পাচ্ছি, এভাবে চলতে থাকলে বিগত দিনের সঙ্কট দুর করতে পারবো। এদিকে ঘাটে গিয়ে দেখা গেছে, নদী থেকে আহরিত ইলিশ নিয়ে ভোর থেকেই ঘাটে ফিরছেন জেলেরা। এরপর আড়তে শুরু হয় মাছ বেচাকেনার ব্যস্ততা। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত সরগরম হয়ে উঠে এসব আড়ত। আড়তদাররা বলছেন, জেলেদের আহরিত ইলিশের বড় একটি অংশ চলে যাচ্ছে দেশের বিভিন্ন পাইকারি বাজারে। বিশেষ করে ঢাকা, চাঁদপুরসহ বিভিন্ন মোকামে প্যাকেটজাত করে এভাবেই পাঠানো হচ্ছে ভোলার ইলিশ। এতে স্থানীয় বাজারের পাশাপাশি পাইকারি বাজারেও বাড়ছে ইলিশের সরবরাহ। তবে খুচরা বাজারে ইলিশের দাম এখনো আকাশ ছোঁয়া। মৎস্যজীবীরা বলছেন, দীর্ঘদিন পর নদীতে ইলিশের দেখা মেলায় তাদের মধ্যে স্বস্তি ফিরেছে। কাঙ্ক্ষিত পরিমাণ মাছ ধরা পড়লে জেলেরা লোকসান কাটিয়ে ঘুরে দাড়াতে পারবেন। আর লাভের মুখ দেখছেন আড়তদাররা। ইলিশ ধরাকে কেন্দ্র করে আনন্দ ছড়িয়ে পড়েছে জেলে পল্লীতে। জেলা মৎস্য কর্মকর্তা মুজুম্মদ দেলোয়ার হুসাইন বলেন, ‘নদীতে মাছ ধরা পড়ছে, আগামী কিছুদিনের মধ্যে মাছের সরবরাহ আরো বাড়তে পারে।’ অপরদিকে নদীতে ইলিশের এই উপস্থিতি অব্যাহত থাকলে ভোলার মৎস্যখাতে আরো প্রাণচাঞ্চল্য ফিরবে বলে মনে করছে মৎস্যজীবীরা।

মেহেন্দিগঞ্জে অবহেলিত স্বাস্থ্য খাত

না পেয়ে অনেক রোগীকে হাসপাতালের বারান্দায় শুয়েই চিকিৎসা নিতে হচ্ছে। বহির্বিভাগেও প্রতিদিন চিকিৎসা নিতে আসেন প্রায় ৪০০ থেকে ৫০০ মানুষ। অথচ বিপুলসংখ্যক রোগীর বিপরীতে চিকিৎসক রয়েছেন মাত্র ৬ জন। অনুমোদিত চিকিৎসক পদের সংখ্যা ৫০। ৩৬টি নার্স পদের বিপরীতে কর্মরত মাত্র ২১ জন। পরিচ্ছন্নতাকর্মী মাত্র ২ জন। নেই পর্যাপ্ত ওয়ার্ড বয়, আয়া ও ল্যাব-সংশ্লিষ্ট কর্মী। ফলে রোগীর চাপ যত বাড়ছে, ততই দীর্ঘ হচ্ছে চিকিৎসা পাওয়ার অপেক্ষা। মেহেন্দিগঞ্জ হাসপাতালের সবচেয়ে বড় সংকটগুলোর একটি রোগ নির্ণয়ের সুযোগ না থাকা। হাসপাতালে নেই আল্ট্রাসনোগ্রাফি ও এক্স-রে মেশিন। এমনকি সেল কাউন্টার না থাকায় সিবিসিসহ বেশ কিছু গুরুত্বপূর্ণ পরীক্ষাও করা যায় না। ফলে চিকিৎসকের পরামর্শে পরীক্ষা করাতে রোগীদের ছুটতে হয় বেসরকারি ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে। এতে চিকিৎসার খরচ বেড়ে যায় কয়েকগুণ। নিম্নআয়ের অনেক রোগী বাড়তি টাকা জোগাড় করতে না পেরে প্রয়োজনীয় পরীক্ষা ছাড়াই চিকিৎসা নিতে বাধ্য হন বলে অভিযোগ স্থানীয়দের। উলানিয়ার রাজাপুর এলাকার বাসিন্দা এমদাদুল ইসলাম বলেন, হাসপাতালে চিকিৎসা নিতে এসে প্রথমে টিকিটের জন্য দীর্ঘ সময় অপেক্ষা করতে হয়। এরপর চিকিৎসক দেখানোর জন্যও দীর্ঘ সারি। চিকিৎসক কম থাকায় রোগীর চাপ সামলানো কঠিন হয়ে পড়েছে। তার ওপর প্রয়োজনীয় পরীক্ষা হাসপাতালের বাইরে গিয়ে টাকা দিয়ে করাতে হয়। মেহেন্দিগঞ্জের দুর্গমতা সবচেয়ে বেশি চোখে পড়ে জরুরি রোগীর ক্ষেত্রে। হাসপাতাল থেকে জটিল রোগীকে বরিশালে পাঠানো হলে স্বজনদের শুরু হয় নতুন দুশ্চিন্তা। মেহেন্দিগঞ্জ থেকে বরিশাল সদরে যেতে স্বাভাবিকভাবে প্রায় আড়াই ঘণ্টা সময় লাগে। দ্রুতগতির স্পিডবোটেও লাগে প্রায় এক ঘণ্টা। পাতারহাট বন্দরের বাসিন্দা হানিফের অভিজ্ঞতা সেই দুর্ভোগেরই উদাহরণ। তিনি জানান, কাচে হাত কেটে যাওয়ার পর মেয়েকে মেহেন্দিগঞ্জ হাসপাতালে নিয়ে যান। কিন্তু সেখান থেকে দ্রুত বরিশালে নেয়ার পরামর্শ দেয়া হয়। পরে প্রায় ২ ঘণ্টা পথ পাড়ি দিয়ে মেয়েকে বরিশাল শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেয়া হয়। সেখানে দায়িত্বরত চিকিৎসকের নির্দেশে একজন ওয়ার্ড বয় তার মেয়ের হাতে সেলাই করে দেন। হানিফের প্রশ্ন, মেহেন্দিগঞ্জ হাসপাতালে যে সেবা পাওয়া গেল না, বরিশালে গিয়ে একজন ওয়ার্ড বয় কীভাবে সেই সেবা দিলেন? একসময় দুর্গম মেহেন্দিগঞ্জের রোগীদের দ্রুত হাসপাতালে নেয়ার জন্য নৌ-অ্যাম্বুলেন্স বরাদ্দ দেয়া হয়েছিল। কিন্তু কিছুদিন পরই সেটি অচল হয়ে পড়ে। এখন জরুরি রোগী নিয়ে বরিশালে যেতে হলে অনেকটাই নির্ভর করতে হয় ভাড়ায় চালিত স্পিডবোটের ওপর। একটি স্পিডবোট রিজার্ভ করতে খরচ হয় প্রায় ৩ হাজার থেকে ৫ হাজার টাকা। দরিদ্র পরিবারের জন্য এই খরচ বহন করা কঠিন। সামর্থ্য না থাকলে অনেকে লঞ্চে করে রোগী নিয়ে বরিশালের উদ্দেশে রওনা দেন। এতে জরুরি চিকিৎসা পেতে আরও সময় লাগে। হাসপাতালের ২টি অ্যাম্বুলেন্সের একটিও অচল। অন্যটি সচল থাকলেও সেটির অবস্থাও নাজুক। পুরো উপজেলার রোগী পরিবহনের জন্য একটি অ্যাম্বুলেন্স থাকায় একজন রোগীকে গন্তব্যে পৌঁছে দিয়ে ফিরে না আসা পর্যন্ত অপেক্ষা করতে হয় অন্য রোগীর স্বজনদের। তখন বিকল্প হিসেবে থ্রি-হুইলার বা অটোরিকশাই হয়ে ওঠে ভরসা। অথচ সড়কের বেহাল অবস্থায় অসুস্থ রোগী নিয়ে এসব যানবাহনে চলাচলও কষ্টকর ও ঝুঁকিপূর্ণ। হাসপাতাল সূত্রে জানা গেছে, ৫০ শয্যার বিপরীতে প্রতিদিন গড়ে ১০০ রোগী ভর্তি থাকেন। কোনো কোনো দিন তা ১৪০ জন পর্যন্ত পৌঁছায়। শয্যা না পেয়ে রোগীদের বারান্দায় অবস্থান করতে হয়। একই সাথে বহির্বিভাগে কয়েকশ রোগীর চাপ থাকায় পুরো হাসপাতালজুড়েই তৈরি হয় ভিড় ও বিশৃঙ্খলা। রোগীর তুলনায় চিকিৎসক কম হওয়ায় একজন চিকিৎসককে স্বাভাবিকের চেয়ে অনেক বেশি রোগী দেখতে হচ্ছে। নার্স সংকটেও বাড়ছে কর্মরতদের ওপর চাপ। নাম প্রকাশ না করার শর্তে হাসপাতালের এক চিকিৎসক বলেন, নদীবেষ্টিত ও দুর্গম হওয়ায় মেহেন্দিগঞ্জে চিকিৎসক ধরে রাখা বড় চ্যালেঞ্জ। নিয়োগ দেয়ার পরও অনেক চিকিৎসক বিভিন্নভাবে বদলি নিয়ে চলে যান। ফলে কাগজে-কলমে পদ থাকলেও বাস্তবে সেই সংখ্যক চিকিৎসক পাওয়া যায় না। সীমিত জনবল দিয়ে অতিরিক্ত রোগীর চাপ সামলাতে হচ্ছে। চিকিৎসার পাশাপাশি হাসপাতালের পরিবেশ নিয়েও রয়েছে নানা অভিযোগ। হাসপাতালের কয়েকটি টয়লেট দীর্ঘদিন ধরে অপরিচ্ছন্ন। কোথাও দরজার লক নষ্ট, কোথাও দরজা ভাঙা। ফলে রোগী ও স্বজনদের জন্য টয়লেট ব্যবহারও দুর্ভোগের কারণ হয়ে দাঁড়িয়েছে। মাত্র দুজন পরিচ্ছন্নতাকর্মী দিয়ে এত বড় হাসপাতাল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা কঠিন বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। ওয়ার্ড বয়ের সংকট থাকায় রোগীদের দৈনন্দিন সহায়তার ক্ষেত্রেও তৈরি হচ্ছে বাড়তি ভোগান্তি। মেহেন্দিগঞ্জ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ইউএইচএফও) ডা. মোহাম্মদ ইমরানুর রহমান বলেন, হাসপাতালে প্রয়োজনের তুলনায় জনবল অনেক কম। ৫০ জন চিকিৎসকের বিপরীতে বর্তমানে মাত্র ৬ জন চিকিৎসক কর্মরত আছেন। ৬স জন চিকিৎসক দিয়ে ৫০ জনের সেবা দেয়া সম্ভব নয়। নার্স, আয়া, ওয়ার্ড বয় ও ল্যাব অ্যাটেনডেন্টসহ গুরুত্বপূর্ণ পদেও জনবল সংকট রয়েছে। এ কারণে সেবা দিতে কিছুটা বিলম্ব হচ্ছে। তিনি বলেন, শূন্য পদে জনবল নিয়োগের জন্য ইতোমধ্যে সচিব ও বরিশাল বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) বরাবর চিঠি পাঠানো হয়েছে।

২৪ ঘণ্টায় মনপুরার

জানা যায়, উত্তর সাকুচিয়া ইউনিয়নের বাংলাবাজার কলেজ মাঠে খেলতে যায় জুনায়েদ ও আরাফাত। খেলা শেষে সন্ধ্যা পেরিয়ে গেলেও তারা আর বাড়িতে ফিরে আসেনি। এরপর পরিবারের সদস্যরা আত্মীয়-স্বজনদের বাড়িসহ বিভিন্ন সম্ভাব্য স্থানে খোঁজাখুঁজি করেও তাদের কোনো সন্ধান পাননি। জুনায়েদের বাবা মো. নাজিমুদ্দিন মঞ্জু বলেন, ‘আমার ছেলে জুনায়েদ ও তার খেলার সাথী আরাফাত বাংলাবাজার কলেজ মাঠে খেলতে যায়। এরপর থেকে তারা আর বাসায় ফেরেনি। আমরা সম্ভাব্য সব জায়গায় খোঁজাখুঁজি করেছি, কিন্তু কোথাও তাদের সন্ধান মেলেনি।’ অন্যদিকে, নিখোঁজ হাবিবুর রহমানের বাবা মো. কামাল জানান, তার ছেলে ঢাকার যাত্রাবাড়ীর মুরাদপুর ‘মাদরাসাতুল দারুল কুরআন’ মাদ্রাসায় পড়াশোনা করে। শুক্রবার সন্ধ্যায় মাগরিবের নামাজ পড়তে যাওয়ার পর থেকে সে আর মাদ্রাসায় ফিরে আসেনি। তিনি অত্যন্ত উদ্বেগ প্রকাশ করে বলেন, ‘মাগরিবের নামাজ পড়তে যাওয়ার পর থেকে আমার ছেলে আর মাদ্রাসায় ফেরেনি। বিভিন্ন স্থানে খোঁজ নিয়েও তার কোনো সন্ধান আমরা পাইনি। আমরা খুবই উদ্বিগ্ন। কোনো সহৃদয় ব্যক্তি যদি আমার ছেলের সন্ধান পেয়ে থাকেন, তবে দয়া করে আমাদের জানাবেন।’ এ বিষয়ে মনপুরা থানার ওসি মাজহারুল ইসলাম বলেন, ‘শিশু নিখোঁজের বিষয়ে এখন পর্যন্ত কোনো অভিভাবক থানায় লিখিত বা মৌখিকভাবে জানাননি। তবে বিষয়টি আমরা অত্যন্ত গুরুত্বের সাথে খোঁজ নিয়ে দেখছি।’ নিখোঁজ ওই তিন শিশুর কোনো সন্ধান পেয়ে থাকলে অবিলম্বে তাদের পরিবারের সঙ্গে যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছে।

চরফ্যাশনে ভারতীয় অবৈধ

বলে নিশ্চিত হওয়া যায়। কোস্ট গার্ডের প্রাথমিক ধারণা, কতিপয় অসাধু বাংলাদেশি ব্যক্তি অবৈধভাবে বোটটি বাংলাদেশে নিয়ে এসে সেটি দিয়ে মাছ ধরার প্রস্তুতি নিচ্ছিলেন। অভিযান পরিচালনার সময় কোস্ট গার্ডের উপস্থিতি টের পেয়ে বোটে থাকা জেলেরা পালিয়ে যান। এ কারণে কাউকে আটক করা সম্ভব হয়নি। জব্দ করা ভারতীয় ট্রলিং বোট ও ট্রলিং জালের বিষয়ে পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলে জানিয়েছে কোস্ট গার্ড। মিডিয়া কর্মকর্তা সাব্বির আলম সুজন বলেন, দেশের জলসীমায় অবৈধভাবে মাছ ধরা প্রতিরোধ এবং মৎস্যসম্পদ রক্ষায় বাংলাদেশ কোস্ট গার্ডের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

ইরান ও যুক্তরাষ্ট্রকে সংঘাত থেকে

(২৮ আগস্ট) এ অবস্থান পুনর্ব্যক্ত করেছে বেইজিং। খবর আনাদোলু এজেন্সির। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র লিন জিয়ান বেইজিংয়ে সাংবাদিকদের বলেন, ইরান ইস্যুতে সংলাপ ও আলোচনা একমাত্র কার্যকর পথ। চীন অবৈধ ও একতরফা নিষেধাজ্ঞার বিরোধিতা করে। এ বিষয়ে বেইজিংয়ের অবস্থান ধারাবাহিক ও স্পষ্ট। চীনের এই বক্তব্যের আগে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের সঙ্গে সম্পর্ক থাকা চীনা ব্যাংকগুলোর ওপর নিষেধাজ্ঞা আরোপের সম্ভাবনার ইঙ্গিত দেন। বৃহস্পতিবার ওভাল অফিসে ট্রাম্পকে চীনা ব্যাংকগুলোর বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপের পরিকল্পনা আছে কি না জানতে চাওয়া হলে তিনি বলেন, ‘কে বলেছে আমি তা করছি না?’ একই সঙ্গে তিনি ইঙ্গিত দেন, সব সিদ্ধান্ত আগেভাগে প্রকাশ করার প্রয়োজন নেই। এর আগে হোয়াইট হাউসের প্রেস সচিব ক্যারোলিন লেভিটও জানান, তেহরানের সঙ্গে সরাসরি আলোচনা এখনো স্থবির রয়েছে। তবে ইরানের ওপর অর্থনৈতিক চাপ আরও বাড়ানো হচ্ছে। তিনি বলেন, ট্রাম্প প্রশাসন ‘অপারেশন ইকোনমিক আউটকাস্ট’ কর্মসূচির আওতায় ইরানের ওপর অর্থনৈতিক চাপ বাড়াচ্ছে। একই সঙ্গে ইরানের বিরুদ্ধে সব বিকল্পই খোলা রাখা হয়েছে। ইরানকে বৈশ্বিক আর্থিক ব্যবস্থা থেকে বিচ্ছিন্ন করার মার্কিন এই অভিযান দুই দেশের যুদ্ধের পর আরও জোরদার হয়েছে। ২৮ ফেব্রুয়ারি শুরু হওয়া ওই সংঘাতে ইরানে শত শত মানুষ নিহত হয়েছে। নিহতদের মধ্যে ১৮ মার্কিন সেনাসদস্যও রয়েছেন। ইরানের বিরুদ্ধে মার্কিন নিষেধাজ্ঞা এবং চীনা ব্যাংকগুলোর সঙ্গে তেহরানের অর্থনৈতিক সম্পর্ক নিয়ে ওয়াশিংটনের নতুন হুমকির মধ্যেই চীন সংলাপের ওপর জোর দিল। এদিকে যুক্তরাষ্ট্র ও চীনের মধ্যকার কূটনৈতিক সম্পর্কের ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ সময় চলছে। মে মাসে ট্রাম্পের বেইজিং সফরের পর পারস্পরিক সফরের অংশ হিসেবে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের যুক্তরাষ্ট্র সফরের কথা রয়েছে। ইরান ইস্যুতে চীনের এ অবস্থান এমন সময়ে এলো, যখন ওয়াশিংটন ও তেহরানের মধ্যে সরাসরি আলোচনা থমকে আছে এবং হরমুজ প্রণালি, নিষেধাজ্ঞা ও যুদ্ধ-পরবর্তী নিরাপত্তা পরিস্থিতি নিয়ে দুই দেশের মধ্যে মতবিরোধ অব্যাহত রয়েছে।

হরমুজ প্রণালি পরিপূর্ণভাবে ইরানের

বলে যুক্তরাষ্ট্রের দাবিকে সরাসরি মিথ্যা বলে প্রত্যাখ্যান করেছে তেহরান। খবর রয়টার্সের। টেলিগ্রামে দেওয়া এক বিবৃতিতে বিপ্লবী গার্ড বাহিনী বলেছে, ইরানের সঙ্গে আগাম সমন্বয় ছাড়া কোনো জাহাজ হরমুজ প্রণালি দিয়ে চলাচল করতে পারবে না। বিবৃতিতে বলা হয়, কৌশলগত হরমুজ প্রণালির ওপর ইসলামি প্রজাতন্ত্রের বাহিনীর নিয়ন্ত্রণ সম্পূর্ণ ও নিরঙ্কুশ। যুক্তরাষ্ট্রের কর্মকর্তাদের জলপথটি উন্মুক্ত থাকার দাবি তেলের দাম নিয়ন্ত্রণ এবং যুদ্ধে নিজেদের পরাজয় আড়াল করার উদ্দেশ্যে করা হয়েছে বলেও অভিযোগ করেছে ইরান। ইরানের নৌবাহিনী জানিয়েছে, যুক্তরাষ্ট্রের আগ্রাসন বন্ধ না হওয়া এবং প্রায় আড়াই মাস আগে হওয়া একটি কাঠামোগত চুক্তির প্রতিশ্রুতি পূরণ না হওয়া পর্যন্ত পরিস্থিতির কোনো পরিবর্তন হবে না। ওই চুক্তির মেয়াদ এরই মধ্যে শেষ হয়ে গেছে বলে জানানো হয়েছে। তবে যুক্তরাষ্ট্রের দাবি সম্পূর্ণ ভিন্ন। মার্কিন সামরিক বাহিনীর কেন্দ্রীয় কমান্ডের প্রধান ব্র্যাড কুপার বৃহস্পতিবার বলেছেন, সাম্প্রতিক মাসগুলোতে মার্কিন বাহিনী হরমুজ প্রণালির আন্তর্জাতিক নৌপথ থেকে মাইন সরিয়ে ফেলেছে এবং এখন এসব পথ দিয়ে জাহাজ চলাচল উন্মুক্ত রয়েছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও এর আগে বলেছেন, হরমুজ প্রণালি পুরোপুরি উন্মুক্ত এবং এটি যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণে রয়েছে। তবে জলপথটির নিয়ন্ত্রণ নিয়ে ইরান ও যুক্তরাষ্ট্রের পরস্পরবিরোধী দাবির কোনোটিই স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি। যুক্তরাজ্যের সামুদ্রিক বাণিজ্য পরিচালনা সংস্থার তথ্য অনুযায়ী, গত সাত দিনে প্রতিদিন গড়ে প্রায় ২৯টি পণ্যবাহী জাহাজ হরমুজ প্রণালি অতিক্রম করেছে। যুদ্ধ শুরুর আগে আন্তর্জাতিক সামুদ্রিক সংস্থার হিসাবে এই সংখ্যা ছিল প্রতিদিন প্রায় ১৩০টি। তেল, গ্যাস ও সার রপ্তানির জন্য হরমুজ প্রণালি উপসাগরীয় দেশগুলোর অন্যতম গুরুত্বপূর্ণ নৌপথ। ফলে ইরান ও যুক্তরাষ্ট্রের চলমান সংঘাতে জলপথটি বড় ধরনের উত্তেজনার কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে কয়েক মাস ধরে চলা সংঘাতের অচলাবস্থার মধ্যেই হরমুজ প্রণালি নিয়ে নতুন করে বিরোধ দেখা দেয়। ওয়াশিংটনের কাছ থেকে বিভিন্ন ছাড় আদায়ের দাবি জানিয়ে আসছে তেহরান। অন্যদিকে ট্রাম্প ইরানের নেতৃত্বের ওপর অর্থনৈতিক যুদ্ধের মাধ্যমে চাপ প্রয়োগের চেষ্টা করছেন।

মন্ত্রিসভায় কাল ফাইল উঠলে

আগে গত ১৬ আগস্ট প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এ বি এম আব্দুস সাত্তার সাংবাদিকদের বলেন, ‘সরকারি কর্মচারীদের নতুন পে স্কেল চূড়ান্ত পর্যায়ে রয়েছে এবং যেকোনো মুহূর্তে তা ঘোষণা হতে পারে। ২৯ জুলাই অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী জানান, সরকারি কর্মচারীদের জন্য নবম বেতন কমিশন ঘোষণা নিয়ে এখনো কাজ চলছে। কাজ শেষ হলে তা শিগগিরই মন্ত্রিসভায় উপস্থাপন করা হবে। মন্ত্রিসভা অনুমোদন করলে শুরু হবে প্রজ্ঞাপন জারির কাজ। সরকারি কর্মচারীদের জন্য নতুন বেতন কাঠামো বাস্তবায়নের সুপারিশ করতে গত ২১ এপ্রিল মন্ত্রিপরিষদসচিব নাসিমুল গনিকে সভাপতি করে ১০ সদস্যের একটি কমিটি গঠন করা হয়। কমিটি ইতিমধ্যে তাদের সুপারিশ জমা দিয়েছে। বিষয়টি সম্পর্কে অবগত ব্যক্তিরা বলেন, ‘প্রথম থেকে ২০তম গ্রেডের সরকারি চাকরিজীবীদের মূল বেতন সর্বোচ্চ ১০০ শতাংশ পর্যন্ত বাড়ানোর সুপারিশ করেছে সচিব কমিটি। দুই ধাপে তা বাস্তবায়ন হবে। এর মধ্যে প্রথম বছরে মূল বেতন এবং দ্বিতীয় বছরে বাড়িভাড়া ও অন্যান্য ভাতা কার্যকর হতে পারে।’ নতুন পে স্কেলে কার বেতন কত হতে পারে চূড়ান্ত প্রজ্ঞাপন এখনো প্রকাশ না হওয়ায় গ্রেডভিত্তিক বেতনকে নিশ্চিত বেতন হিসেবে না দেখে প্রস্তাবিত/সম্ভাব্য কাঠামো হিসেবে বিবেচনা করতে হবে। প্রকাশিত বিভিন্ন প্রতিবেদনে যে গ্রেডভিত্তিক কাঠামো এসেছে, তাতে সর্বনিম্ন মূল বেতন ২০তম গ্রেডে ২০ হাজার টাকা এবং সর্বোচ্চ ১ম গ্রেডে ১ লাখ ৬০ হাজার টাকা করার প্রস্তাব রয়েছে।

বরিশাল বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট

মো. মেহেদী হোসান মনোনীত হয়েছেন। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ড. আবদুল আলিম বছির স্বাক্ষরিত তিনটি পৃথক অফিস আদেশে এই তথ্য জানানো হয়। প্রভাষক ড. গাজী মো. সাখাওয়াত হোসেন বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের প্রভাষক, শাহাদাৎ হোসেন একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের সহকারী অধ্যাপক এবং মো. মেহেদী হাসান রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক। অফিস আদেশে জানানো হয়েছে, বরিশাল বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ (সংশোধিত-২০১৩) এর ১৭(১) (ঞ) ধারা অনুযায়ী ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ৫৪তম (০১.০৭.২০২৬খ্রি:) সভার আলোচ্যবিষয়- ৯৫ এর সিদ্ধান্ত মোতাবেক প্রভাষক, সহকারী অধ্যাপক ও সহযোগী অধ্যাপক ক্যাটাগরিতে ঐ তিন শিক্ষককে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য হিসেবে মনোনয়ন প্রদান করা হলো। আদেশটিতে আরও উল্লেখ করা হয়েছে, বিশ্ববিদ্যালয়ের আইন ও প্রচলিত বিধি অনুযায়ী আগামী দুই বছরের জন্য তাদরে তিনজনকে সিন্ডিকেট সদস্য হিসেবে এই মনোনয়ন প্রদান করা হয়েছে।

মেহেন্দিগঞ্জে বিরোধীয় জমিতে

করেন। এই ঘটনায় উভয়ের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। আব্দুস ছালাম কবির জানান, এই জমি নিয়ে আদালতে মামলা চলমান রয়েছে কিন্তু আমার প্রতি বেশি সোলেমান গাজী এরপরও আমার জমির মধ্যে এসে তার পাকা ঘর নির্মান করে আমি বাধা দিলে তিনি আমার বাধা উপেক্ষা করে ক্ষমতার জোরে তার ঘরের কাজ করে যাচ্ছেন। তিনি আরো বলেন বর্তমানে আমি খুব আতংকে রয়েছি, যেকোন সময় আমার উপর হামলার আশংকা করছি।

মুলাদীতে জমি দখল ও হত্যার হুমকির

সৃষ্টি হয় বলে জানান তারা। ভুক্তভোগীদের দাবি, সম্প্রতি হুমায়ুন কবির সরদার ও তার ভাইয়েরা জোরপূর্বক ওই ৩২ শতাংশ জমিতে ধান রোপণ করেন এবং জমি থেকে তাদের সরিয়ে দেন। এতে বাধা দিলে তাদের হত্যার হুমকি দেওয়া হয় বলেও অভিযোগ করেন শাহাবুদ্দিন খান ও নজরুল ইসলাম খান। ভুক্তভোগীদের আরও দাবি, জমি সংক্রান্ত বিরোধে হুমায়ুন কবির সরদার নিজে বাদী হয়ে মুলাদী সহকারী ভূমি অফিসে ১৫০ ধারায় একটি মামলা করেন। পরবর্তীতে ৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে কাগজপত্র পর্যালোচনা করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ মামলাটি খারিজ করে দেন বলে তারা জানান। এরপরও হুমায়ুন কবির সরদার ও তার ভাইয়েরা জোরপূর্বক জমিতে ধান রোপণ করেছেন বলে অভিযোগ করেন ভুক্তভোগীরা। ভুক্তভোগী শাহাবুদ্দিন খান ও নজরুল ইসলাম খান অভিযোগের সুষ্ঠু তদন্ত, জমি সংক্রান্ত বিরোধের নিরপেক্ষ নিষ্পত্তি এবং তাদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ রবিবার ॥ ৩০ আগস্ট ২০২৬ ॥ ১৬ ভাদ্র ১৪৩৩

হরমুজ প্রণালি পরিপূর্ণভাবে ইরানের নিয়ন্ত্রণে রয়েছে: আইআরজিসি

কীর্তনখোলা ডেস্ক
ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনীর (আইআরজিসি) নৌবাহিনী বলেছে, কৌশলগত হরমুজ প্রণালির ওপর তাদের পূর্ণ নিয়ন্ত্রণ রয়েছে। একই সঙ্গে আন্তর্জাতিক নৌযান চলাচলের জন্য গুরুত্বপূর্ণ এই জলপথ উন্মুক্ত রয়েছে ৩ এর পাতায় দেখুন

ইরান ও যুক্তরাষ্ট্রকে সংঘাত থেকে বের হওয়ার পথ বাতলে দিলো চীন

কীর্তনখোলা ডেস্ক
যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান উত্তেজনা নিরসনে সংলাপ ও কূটনৈতিক আলোচনা ছাড়া আর কোনো কার্যকর পথ নেই বলে মন্তব্য করেছে চীন। ইরানের বিরুদ্ধে নতুন করে মার্কিন অর্থনৈতিক নিষেধাজ্ঞার হুমকির মধ্যেই শুক্রবার ৩ এর পাতায় দেখুন

বিলম্বে হলেও মেঘনায় ধরা পড়ছে ইলিশ, সরগরম মাছের আড়ত

ভোলা প্রতিনিধি
বিকেল গড়িয়ে সন্ধ্যা, তখনো ঘাটে ইলিশের ছড়াছড়ি। কারণ নদীতে দেখা মিলছে ইলিশের তাই কর্মব্যস্ততার এই আনন্দ পাইকার, আড়তদার আর শ্রমিকদের। কেউ মাছের ঝুঁড়িতে বরফ দিচ্ছেন, কেউ ব্যস্ত ওজন করতে। আবার কেউ ঝুঁকি নিয়ে দ্রুত মাছ সংরক্ষণ ও পরিবহনের কাজে ব্যস্ত সময় পার করছেন। সব মিলিয়ে সরগরম মাছের আড়ত। ভোলা সদরের তুলাতলী মাছ ঘাটে এমন চিত্র দেখা যায়। মৎস্যজীবীরা বলছেন, শুধু তুলাতলী ঘাট নয়, এমন চিত্র জেলার অন্য আড়তেও। ভরা মৌসুমে শুরুতে ইলিশের দেখা না মিললেও অবশেষে ভোলার মেঘনায় জেলেদের জালে ধরা পড়তে শুরু করেছে রুপালি ইলিশ। এতে নদীর ঘাট ও মাছের আড়তগুলোতে বেড়েছে কর্মচাঞ্চল্য। গত এক সপ্তাহ ধরে ইলিশের সরবরাহ বাড়ায় ব্যস্ত সময় পার করছেন জেলে, মৎস্যজীবী ও আড়তদাররা। মৎস্য আড়ৎদার মোশাররফ হোসেন, আল আমিন, নাসিম, ও কামাল ৩ এর পাতায় দেখুন

চরফ্যাশনে ভারতীয় অবৈধ ট্রলিং বোট ও ৮টি জাল জব্দ

চরফ্যাশন প্রতিনিধি
ভোলার চরফ্যাশনে একটি ভারতীয় অবৈধ আর্টিসানাল ট্রলিং বোট ও আটটি ট্রলিং জাল জব্দ করেছে বাংলাদেশ কোস্ট গার্ড। তবে এ ঘটনায় কাউকে আটক করা যায়নি। শনিবার বিকালে কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান। কোস্ট গার্ড জানায়, শুক্রবার রাত ১০টার দিকে ভোলার দুলারহাট থানার মায়া নদীতে গোপন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান চালায় কোস্ট গার্ডের আউটপোস্ট লালমোহন ও চরমানিকা। অভিযানের সময় ওই এলাকা থেকে একটি আর্টিসানাল ট্রলিং বোট ও আটটি ট্রলিং জাল জব্দ করা হয়। পরে উপজেলা মৎস্য কর্মকর্তার মাধ্যমে জব্দ করা বোটটি ভারতীয় ৩ এর পাতায় দেখুন

২৪ ঘণ্টায় মনপুরার তিন শিশু নিখোঁজ

মনপুরা প্রতিনিধি
ভোলার মনপুরায় একই দিনে তিন শিশুর নিখোঁজ হওয়ার ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। নিখোঁজ শিশুদের মধ্যে দুজন উপজেলার উত্তর সাকুচিয়া ইউনিয়নের বাংলাবাজার কলেজ মাঠ থেকে এবং অন্যজন ঢাকার যাত্রাবাড়ীর একটি মাদ্রাসা থেকে নিখোঁজ হয়েছে বলে তাদের পরিবার নিশ্চিত করেছে। নিখোঁজ হওয়ার পর থেকে দীর্ঘ সময় পেরিয়ে গেলেও সন্তানদের কোনো সন্ধান না পেয়ে চরম উদ্বেগ ও উৎকণ্ঠায় দিন কাটাচ্ছেন স্বজনরা। শনিবার (২৯ আগস্ট) দুপুর ২টা পর্যন্ত পাওয়া তথ্য অনুযায়ী, নিখোঁজ তিন শিশুর মধ্যে দুজন উত্তর সাকুচিয়া ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের এবং অপরজন একই ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দা। নিখোঁজ শিশুরা হলো উত্তর সাকুচিয়া ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের মো. নাজিমুদ্দিন মঞ্জুর ছেলে মো. জুনায়েদ (১২), একই এলাকার মো. নাজিমুদ্দিনের ছেলে আরাফাত (১২) এবং ৫ নম্বর ওয়ার্ডের মো. কামালের ছেলে হাবিবুর রহমান (১৩)। পারিবারিক সূত্রে ৩ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে অবহেলিত স্বাস্থ্য খাত আশ্বাসের জালেই বন্দি চিকিৎসা ব্যবস্থা

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

চারদিকে নদী, যোগাযোগে নানা সীমাবদ্ধতা, এমন এক জনপদ মেহেন্দিগঞ্জ। বরিশাল জেলার সবচেয়ে দুর্গম এ উপজেলায় প্রায় ৫ লাখ মানুষের বসবাস। ১৬টি ইউনিয়ন ও একটি পৌরসভা নিয়ে গঠিত এই উপজেলার অধিকাংশ মানুষ কৃষি, মৎস্য ও দিনমজুরির ওপর নির্ভরশীল। গুরুতর অসুস্থতা কিংবা জরুরি চিকিৎসার প্রয়োজন হলে জেলা শহরে ছুটে যাওয়া তাদের জন্য সময় ও অর্থ দুই দিক থেকেই বড় চ্যালেঞ্জ। তাই স্থানীয় মানুষের কাছে মেহেন্দিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সই শেষ ভরসা। ৫০ শয্যার হাসপাতালটিতে প্রতিদিন গড়ে ভর্তি থাকেন প্রায় ১০০ রোগী। কখনো কখনো সেই সংখ্যা বেড়ে দাঁড়ায় ১৩০ থেকে ১৪০ জনে। ধারণক্ষমতার প্রায় দ্বিগুণ থেকে তিনগুণ রোগীর চাপ সামলাতে গিয়ে শয্যার সংকট চরমে উঠেছে। জায়গা ৩ এর পাতায় দেখুন

মায়ের সাথে অভিমান করে ৫ম শ্রেণির ছাত্রীর আত্মহত্যা

বানারীপাড়া প্রতিনিধি
বরিশালের বানারীপাড়ায় মায়ের সঙ্গে অভিমান করে সেতু হালদার (১১) নামে পঞ্চম শ্রেণির এক শিক্ষার্থীর আত্মহত্যার অভিযোগ উঠেছে। নিহত সেতু হালদার বানারীপাড়া উপজেলার বিশারকান্দি ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের কলাভিটা গ্রামের বাসিন্দা। সে কলাভিটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। তার বাবা তপন হালদার ও মা নমিতা হালদার। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, শুক্রবার ২৮ আগস্ট স্কুল বন্ধ থাকায় ৩ এর পাতায় দেখুন

বাকেরগঞ্জ পবিত্র ঈদে মিলাদুন্নবী স. পালিত

বাকেরগঞ্জ প্রতিনিধি
বাংলাদেশ জমিয়াতে হিজবুল্লাহ বাকেরগঞ্জ উপজেলা শাখার আয়োজনে বাসস্ট্যান্ড আলামিন জামে মসজিদে গতকাল শনিবার পবিত্র ঈদে মিলাদুন্নবী সাল্লাল্লাহু ওয়া সাল্লাম উদযাপন ও মাসিক তালেমিজলসা আয়োজন করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ছারছিনা দরবার শরীফের মরহুম পীর সাহেব হুজুর রহমাতুল্লাহ আলাইহির বড় জামাতা বাংলাদেশ জমিয়াতে হিজবুল্লার কেন্দ্রীয় নায়েবে আমির ৩ এর পাতায় দেখুন

বৃদ্ধাকে ফ্যামিলি কার্ডসহ নানা প্রলোভন দেখিয়ে ধর্ষণের অভিযোগ

আমতলী প্রতিনিধি
বরগুনার তালতলীতে ফ্যামিলি কার্ডসহ বিভিন্ন সরকারী সুবিধা দেয়ার প্রলোভন দেখিয়ে ৬০ বছরের বৃদ্ধাকে বশির মিয়া (৩৮) নামের এক যুবক ধর্ষণ করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। এমন অভিযোগ করেন ধর্ষণের শিকার ওই বৃদ্ধা। স্থানীয় জনতা বশিরকে আটক করে সুপারী গাছের সঙ্গে বেঁধে রাখে। পরে পুলিশে সোপর্দ করা হয়। ঘটনা ঘটেছে শনিবার দুপুরে তালতলী উপজেলার নলবুনিয়া কিল্লা এলাকায়। এ ঘটনায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। জানাগেছে, উপজেলার মরা নিদ্রা গ্রামের নয়া মিয়ার ছেলে বশির মিয়া বাঁশ ক্রয় করতে শনিবার দুপুরে নলবুনিয়া কিল্লা এলাকায় যায়। ওই ৩ এর পাতায় দেখুন

নাজিরপুরে ডাকাতির প্রস্তুতির অভিযোগ জনতার হাতে আটক ২

নাজিরপুর প্রতিনিধি
পিরোজপুরের নাজিরপুরে ডাকাতির প্রস্তুতির অভিযোগে দুই ব্যক্তিকে আটক করে পুলিশে সোপর্দ করেছেন স্থানীয় লোকজন। শনিবার (২৯ আগস্ট) বেলা ১১টার দিকে উপজেলার শেখমাটিয়া ইউনিয়নের রামনগর গ্রামে এ ঘটনা ঘটে। আটক ব্যক্তিরা হলেন বাগেরহাটের কচুয়া উপজেলার খলিশাখালী গ্রামের গফফার শেখের ছেলে নাদিম শেখ (৩২) এবং পিরোজপুরের নাজিরপুর উপজেলার রঘুনাথপুর গ্রামের মাহতাব শেখের ছেলে জাকারিয়া শেখ (২৭)। পুলিশ সূত্রে জানা যায়, নাদিম শেখের বিরুদ্ধে বিভিন্ন থানায় ২৯টি মামলা রয়েছে। এর মধ্যে ছয়টি মামলায় তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা রয়েছে। জাকারিয়া শেখের বিরুদ্ধে দুটি মামলা রয়েছে বলেও জানিয়েছে পুলিশ। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, রামনগর এলাকায় স্থানীয় রেজাউল শেখের একটি বাগানে শুক্রবার রাত থেকে ৬-৭ জনের একটি দল অবস্থান করছিল। তারা সেখানে ডাকাতির প্রস্তুতি নিচ্ছিলেন বলে পুলিশের দাবি। শনিবার সকালে রামনগর এলাকায় সন্দেহজনকভাবে ঘোরাঘুরির সময় স্থানীয় লোকজন নাদিম ও জাকারিয়াকে ঘেরাও করেন। এ সময় তাদের কাছ থেকে একটি চাইনিজ কুড়াল ৩ এর পাতায় দেখুন

খাল পরিস্কার

জলাবদ্ধতা থেকে রক্ষা পাবে গৌরনদী পৌরশহরের দুই সহস্রাধিক পরিবার

গৌরনদী প্রতিনিধি
খাল পরিস্কার করে জলাবদ্ধতা নিরসনের পাশাপাশি উপজেলাকে ক্লীন-গ্রীণ করতে ব্যাপক উদ্যোগ গ্রহন করেছে বরিশালের গৌরনদী উপজেলা ও পৌর প্রশাসন। তারই ধারাবাহিকতায় শনিবার (২৯ আগস্ট) সকালে পৌর প্রশাসনের উদ্যোগে ৬ ও ৭নং ওয়ার্ডকে জলাবদ্ধতা থেকে রক্ষা করতে ৭নং ওয়ার্ড দক্ষিণ বিজয়পুর গোপালঘুরানী এলাকার দুই কিলোমিটার খালের উপর থেকে অবৈধ বাঁধ অপসারণ ও পরিস্কার-পরিচ্ছন্নতা কর্মসূচী শুরু করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক মো. ইব্রাহীমের নেতৃত্বে এ কর্মসূচী শুরু করা হয়। কর্মসূচীতে স্বেচ্ছাসেবীদের সঙ্গে দা হাতে ইউএনওকে খালের পাশের আগাছা ও আবর্জনা পরিস্কার করতে দেখা যায়। কর্মসূচীতে উপজেলা বিএনপির আহবায়ক সৈয়দ সরোয়ার আলম বিপ্লব, সদস্য সচিব শরীফ জহির ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় সড়ক দুর্ঘটনায় স্কুল শিক্ষিকার মৃত্যু

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় সড়ক দুর্ঘটনায় স্থানীয় বিহারী লাল মিত্র পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ইংরেজি বিষয়ের সহকারী শিক্ষিকা নিশাত আফিফা (২৯) নামের এক শিক্ষিকার মর্মান্তিক মৃত্যু হয়। জানাগেছে, ২০২৫সালের ১লা সেপ্টেম্বর এনটিআরসি নিয়োগপ্রাপ্ত হয়ে আফিফা স্থানীয় বিহারী লাল মিত্র পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী ইংরেজি শিক্ষিকা হিসেবে যোগদান করেন। মৃতের স্বামী ভাণ্ডারিয়া পৌর সভার বাসিন্দা ব্যাবসায়ী মো. বাইজিদ খান জানান, নিজের মোটর সাইকেলে করে গতকাল ৩ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে বিরোধীয় জমিতে পাকা ঘর নির্মানের অভিযোগ

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি
মেহেন্দিগঞ্জ উপজেলার চরএককরিয়া ইউনিয়নের কাশিমা গ্রামে আদালতে বৃদ্ধাঙ্গুলী দেখিয়ে বসত ঘর নির্মান করায় দুই পক্ষের মধ্যে হামলার আশংকা রয়েছে। সরজমিনে গিয়ে দেখা যায়, স্থানীয় আব্দুস ছালাম কবির ক্রয় সুত্রে ১৯ শতাংশ জমির মালিক, উক্ত জমির মধ্যে ঢুকে পার্শ্ববর্তী সোলেমান গাজী পাকা বসত ঘর নির্মান ৩ এর পাতায় দেখুন

হত্যা মামলার প্রধান আসামি বিদেশ যাওয়ার সময় গ্রেফতার

রাজাপুর প্রতিনিধি
ঝালকাঠির রাজাপুরে নৃশংস হত্যা মামলার প্রধান আসামি মো. জামাল হোসেন (২৩) কে বিদেশ যাওয়ার সময় ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ইমিগ্রেশন থেকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার (২৯ আগস্ট) বিকেলে বিষয়টি নিশ্চিত করেছেন রাজাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সুজন বিশ্বাস। এর আগে শুক্রবার তাকে গ্রেপ্তারের পর রাতে রাজাপুর থানায় নিয়ে আসা হয়। গ্রেফতার জামাল হোসেন রাজাপুর উপজেলার ৩ এর পাতায় দেখুন

ছবি ভাইরাল

নারীর সঙ্গে বিএনপি নেতার হোটেলে ‘রাতযাপনের’ অভিযোগ

কাঁঠালিয়া প্রতিনিধি
ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলা পরিষদের চেয়ারম্যান প্রার্থী, বিএনপি নেতা ও ব্যবসায়ী শহিদুল ইসলাম ওরফে ভাটা শহীদের বিরুদ্ধে স্থানীয় এক নারীর সঙ্গে পরকীয়ার অভিযোগ উঠেছে। ওই নারীকে নিয়ে পিরোজপুরের একটি আবাসিক হোটেলে রাতযাপনের অভিযোগও করেছেন তার স্বজনেরা। তবে অভিযোগ অস্বীকার করেছেন শহিদুল ইসলাম। ঘটনার পর থেকে তিনি এলাকায় নেই বলে স্থানীয় সূত্রে জানা

ভিমরুলের কামড়ে গাছ থেকে পড়লো চোর, পুলিশে দিলেন মালিক

বরগুনা প্রতিনিধি
বরগুনায় নারিকেল গাছ থেকে ডাব চুরির সময় ভিমরুলের কামড় খেয়ে গাছ থেকে পড়ে গুরুতর আহত হয়েছেন দবির নামে এক ব্যক্তি। আহত অবস্থায় উঠে দাঁড়াতে না পেরে শেষ পর্যন্ত যে বাড়িতে চুরি করতে গিয়েছিলেন, সেই বাড়ির মালিককেই ডাকতে হয়েছে তাকে। পরে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য বরগুনা জেনারেল হাসপাতালে পাঠায়। শনিবার (২৯ আগস্ট) সকালে বরগুনা সদর উপজেলার খাড়াকান্দা এলাকায় এ ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, খাড়াকান্দা এলাকার বাসিন্দা বেলালের বাড়ির নারিকেল গাছে ডাব চুরির উদ্দেশ্যে ওঠেন দবির। গাছে উঠে করাত দিয়ে কয়েকটি ডাব কাটার পর সেগুলো মাটিতে ফেলেন তিনি। এসময় অসাবধানতাবশত গাছে থাকা একটি ভিমরুলের বাসায় আঘাত লাগে। এরপর একসঙ্গে বেশ কয়েকটি ভিমরুল তাকে কামড়াতে শুরু করে। ৩ এর পাতায় দেখুন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত
ইসলাম ও প্রচলিত শিক্ষার অপূর্ব সমন্বয়
লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা
LRACM
EIIN: 137732
Code: 20830
লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল।
আবাসিক | অনাবাসিক | ডে-কেয়ার
দাখিলে A+ প্রাপ্তদের জন্য আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।
২০২৬ শিক্ষাবর্ষে আলিম শ্রেণিতে বালক-বালিকা পৃথক শাখায় ভর্তি চলছে
যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭৩২২৫৭, ০১৭১৫৪৫২১১৪

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা। সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা। সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম
কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com